৩৯.	মোসাঃ আম্বিয়া খাতুন স্বামী-মোঃ শাহআলী সাং ঝুনকাইল কাজীপুর, সিরাজগঞ্জ।	১৫/১০/২০০১ তারিখ আমাকে ও আমার পরিবারের সদস্যকে মারধর করিয়া জোরপূর্বক জলাশয়ে ৬০/৭০ মন মাছ ধরিয়া নিয়ে যায়। পরবর্তীতে লীজকৃত জলাশয়টি দখল করিয়া নেয়।	√১। মোঃ নাছির উদ্দিন রতন,পিতা-মৃত-চান মিয়া √২। আঃ সালাম, পিতা-হাজী আঃ করিম √৩। লুৎফর রহমান, পিতা-মৃত-রিয়াজ উদ্দিন সর্ব সাং-ঝুনকাইল, কাজিরপুর, সিরাজগঞ্জ। (প্রাথমিক তদন্তে প্রাপ্ত)	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং অতিতে **বিএনপি** সমর্থিত।
৪০.	মোঃ খোরশেদ আলম পিতা-মোঃ শাহজাহান আলী সেখ সাং-ঘাটিশুভগাছা কাজীপুর, সিরাজগঞ্জ।	০৯/১০/২০০১ তারিখ চাষকৃত বারবিঘা জমির ইক্ষু কাটিয়া নেয়। আমাকে জোরপূর্বক ধরিয়া নিয়া মারপিট করিয়া ২০,০০০ হাজার টাকার বিনিময়ে ছাড়িয়া দেয়।	√১। রিপন মিয়া,পিতা-মৃত-লুৎফর রহমান √২। আহম্মদ আলী, পিতা-আজীবর চাকলাদার √৩। কুড়ান, পিতা-মৃত-আজাহার সাং-বীর সুভগাছা, কাজীপুর, সিরাজগঞ্জ। (প্রাথমিক তদন্তে প্রাপ্ত)	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং অতিতে **বিএনপি** সমর্থিত।
৪১.	মোঃ আজাহার আলী পিতা-মোঃ আফজাল হোসেন সাং-চালিতাডাংগা কাজীপুর, সিরাজগঞ্জ।	০৩/১০/২০০১ তারিখ বসতবাড়ী ভাংচুর, লুটপাট, অগ্নিসংযোগ, মারধর করে বসতবাড়ী থেকে উচ্ছেদ।	চারদলীয় জোটের স্থানীয় সন্ত্রাসী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। চারদলীয় জোট সন্ত্রাসী।
৪২.	মোঃ শাহাদাত হোসেন পিতা-মৃত শুকুর মাহমুদ সাং-হাটশিরা কাজীপুর, সিরাজগঞ্জ।	০৩/১০/২০০১ তারিখ আমার পরিবারের উপর নির্যাতন মারপিট করিয়া আমার মেরুদন্ডের হাড় কেটে ফেলে পরবর্তী তে প্রশাসনের লোকজন উদ্ধার করিয়া হাসপাতালে ভর্তি করে।	√১। মোঃ মোকাদ্দেশ আলী, পিতা-কুড়ান, √২। মোঃ আসাদুল, পিতা-সন্তেষ আলী, √৩। মোঃ আবুল হোসেন, পিতা-শমসের আলী, √৪। মোঃ সন্তেষ আলী, পিতা-মৃত রুস্তম আলী, √৫। মোঃ আবুবক্কার, পিতা-আজাহার আলীসহ আরো ৭/৮ জন, সর্বসাং-হাটশিরা, কাজীপুর, সিরাজগঞ্জ।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং অতিতে **বিএনপি** সমর্থিত।
৪৩.	মোঃ আঃ খালেক পিতা-অজ্ঞাত সাং-চালিতাডাঙ্গা কাজীপুর, সিরাজগঞ্জ।	২৭/১০/২০০১ তারিখে বসতবাড়ীতে আক্রমণ করে ছোট ভাই ইমরুল কায়েস (কনক) কে নির্মমভাবে হত্যা করে । পেপার কাটিং ও ছবি আছে।	√১। মোঃ প্রিন্স, পিতা-মোজাম্মেল হক খোকা, √২। খালেক, পিতা-শোটকা মন্ডল, √৩। মোঃ শামীম, পিতা-সোলেমান, √৪। শামীম, পিতা-জহুরুল ইসলাম, √৫। শাহজালাল সাহা, পিতা-মৃত পর্বত তালুকদারসহ আরো ৫/৬ জন, সর্বসাং-চালিতাডাঙ্গ, কাজীপুর, সিরাজগঞ্জ।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং অতিতে **বিএনপি** সমর্থিত।

ক্র/নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৪.	মোসাঃ কহিনুর বেগম স্বামী-মৃত মমতাজ উদ্দিন সাং-হাটগাছা কাজীপুর, সিরাজগঞ্জ।	০৬/০৩/২০০২ তারিখ বসতবাড়ী ভাংচুর লুটপাট করে নিয়ে যায়। মিথ্যা মামলা দিয়ে হয়রানি করে।	√১। গিয়াস উদ্দিন, পিতা-মৃত ফয়েজ উদ্দিন, √২। আইউব আলী, পিতা-হাবীব, √৩। হাবিবর, পিতা-মৃত আলম খা, √৪। নুরুজ্জামান, পিতা-গোলাম হোসেন, √৫। চপল, পিতা-আনসার আলীসহ আরো ২০/২৫ জন, কাজীপুর, সিরাজগঞ্জ।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৪৫.	আলহাজ ইসমাইল হোসেন সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ কাজীপুর উপজেলা শাখা, সিরাজগঞ্জ।	০৩/০১/২০০২ তারিখ কাজীপুর উপজেলা পরিষদের সামনে যুবদল ও ছাত্রদলের সন্ত্রাসীরা আতর্কিত ভাবে হামলা চালিয়ে হত্যার উদ্দেশ্যে রানদা, চাপাতি দিয়ে কুপিয়ে আঘাত করে মৃত ভেবে চলে যায়। স্থানীয় লোকজন এসে উদ্ধার করে প্রথমে কাজীপুর হাসপাতালে পরবর্তী তে সিরাজগঞ্জ ইবনেসিনা জেনারেল হাসপাতালে নিয়ে যায়। সন্ত্রাসীরা আমার মোটর সাইকেলটি ছিনতাই করে নিয়ে যায়। পেপার কাটিং ও ছবি আছে।	√১। মোঃ আঃ সালাম, পিতা-মৃত বাহার আলী মাষ্টার, সাং-আলমপুর, √২। আমিনুল ইসলাম চৌধুরী, পিতা-আলহাজ আঃ মজিদ, সাং-বরইতলী, √৩। মোঃ সাইদুল ইসলাম, পিতা-মৃত রফিকুল ইসলাম ভেন্ডার, সাং-কবিহার, √৪। মোঃ সানোয়ার হোসেন, পিতা-মতিউর রহমান, সাং-মুসলিম পাড়া, √৫। মিল্টন, পিতা-ফজলুর রহমান, √৬। আনিছ, পিতা-মোজাহার আলী, সর্বসাং-আলমপুরসহ আরো ২০/২৫ জন দলীয় সন্ত্রাসী, কাজীপুর, সিরাজগঞ্জ।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৪৬.	মোঃ ফসিয়ার রহমান পিতা-মৃত হোসের আলী সাং-পূর্ব বেতগাড়ী কাজীপুর, সিরাজগঞ্জ।	১৮/১০/২০০১ তারিখ বসতবাড়ী ভাংচুর লুটপাট করে নিয়ে যায়।	√১। মোঃ বাহার আলী, পিতা-মৃত সিরাজ সেখ, সাং-পূর্ব বেতগাড়ী, √২। মোঃ হাবু সেখ, পিতা-মৃত সিরাজ সেখ, সাং-শুভগাছা, √৩। মোঃ হায়দার আলী, পিতা-মোঃ ফরমান আলী, √৪। মোঃ মোখলেছর রহমান, পিতা-মৃত জেলহক মন্ডল, √৫। মোঃ হায়দার আলী, পিতা-নুরুসহ আরো ৩০/৩৫ জন, কাজীপুর, সিরাজগঞ্জ।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

ক্র/নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৭.	মোঃ আঃ খালেক পিতা-অজ্ঞাত সাং-চালিতাডাঙ্গা কাজীপুর, সিরাজগঞ্জ।	২৭/১০/২০০১ তারিখে বসতবাড়ীতে আক্রমণ করে ছোট ভাই ইমরুল কায়েস (কনক) কে নির্মমভাবে হত্যা করে । পেপার কাটিং ও ছবি আছে।	১। মোঃ প্রিন্স, পিতা-মোজাম্মেল হক খোকা, ২। খালেক, পিতা-শোটকা মন্ডল, ৩। মোঃ শামীম, পিতা-সোলেমান, ৪। শামীম, পিতা-জহুরুল ইসলাম, ৫। শাহজালাল সাহা, পিতা-মৃত পর্বত তালুকদারসহ আরো ৫/৬ জন, সর্বস াং-চালিতাডাঙ্গ, কাজীপুর, সিরাজগঞ্জ।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। ঘটনার সাথে বর্ণিত আসামীদের সংশ্লিষ্টতা সম্পর্কে জনশ্রুতি আছে।
৪৮.	আলহাজ ইসমাইল হোসেন সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ কাজীপুর উপজেলা শাখা, সিরাজগঞ্জ।	০৩/০১/২০০২ তারিখ কাজীপুর উপজেলা পরিষদের সামনে যুবদল ও ছাত্রদলের সন্ত্রাসীরা অতর্কিত ভাবে হামলা চালিয়ে হত্যার উদ্দেশ্যে রানদা, চাপাতি দিয়ে কুপিয়ে আঘাত করে মৃত ভেবে চলে যায়। স্থানীয় লোকজন এসে উদ্ধার করে প্রথমে কাজীপুর হাসপাতালে পরবর্তী তে সিরাজগঞ্জ ইবনেসিনা জেনারেল হাসপাতালে নিয়ে যায়। সন্ত্রাসীরা আমার মোটর সাইকেলটি ছিনতাই করে নিয়ে যায়।পেপার কাটিং ও ছবি আছে।	১। মোঃ আঃ সালাম, পিতা-মৃত বাহার আলী মাষ্টার, সাং-আলমপুর, ২। আমিনুল ইসলাম চৌধুরী, পিতা-আলহাজ আঃ মজিদ, সাং-বরইতল, ৩। মোঃ সাইদুল ইসলাম, পিতা-মৃত রফিকুল ইসলাম ভেন্ডার, সাং-কবিহার, ৪। মোঃ সানোয়ার হোসেন, পিতা-মতিউর রহমান, সাং-মুসলিম পাড়া, ৫। মিল্টন, পিতা-ফজলুর রহমান, ৬। আনিছ, পিতা-মোজাহার আলী, সর্বসাং-আলমপুরসহ আরো ২০/২৫ জন দলীয় সন্ত্রাসী, কাজীপুর, সিরাজগঞ্জ।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। ঘটনার সাথে বর্ণিত আসামীদের সংশ্লিষ্টতা সম্পর্কে জনশ্রুতি আছে।
৪৯.	মোসাঃ কহিনুর বেগম স্বামী-মৃত মমতাজ উদ্দিন সাং-হাটগাছা কাজীপুর, সিরাজগঞ্জ।	০৬/০৩/২০০২ তারিখ বসতবাড়ী ভাংচুর লুটপাট করে নিয়ে যায়। মিথ্যা মামলা দিয়ে হয়রানি করে।	১। গিয়াস উদ্দিন, পিতা-মৃত ফয়েজ উদ্দিন, ২। আইউব আলী, পিতা-হাবীব, ৩। হাবিবর, পিতা-মৃত আলম খা, ৪। নুরুজ্জামান, পিতা-গোলাম হোসেন, ৫। চপল, পিতা-আনসার আলীসহ আরো ২০/২৫ জন, কাজীপুর, সিরাজগঞ্জ।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। ঘটনার সাথে বর্ণিত আসামীদের সংশ্লিষ্টতা সম্পর্কে জনশ্রুতি আছে।

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা সংক্রান্তে জুডিসিয়াল তদন্ত কমিশনে সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার অভিযোগের বিবরণ ঃ

১।	মোট অভিযোগের সংখ্যা	ঃ	০৬ টি।
২।	কমিশনের প্রাপ্ত বিচার্য অভিযোগের সংখ্যা	ঃ	০২ টি।
৩।	কমিশনের বিচার্য নহে অভিযোগের সংখ্যা	ঃ	০৪ টি।
(ক)	সংখ্যালঘু অভিযোগের সংখ্যা	ঃ	
(i)	হত্যা	ঃ	
(ii)	ধর্ষণ	ঃ	
(iii)	অন্যান্য	ঃ	
(খ)	অন্যান্য অভিযোগের সংখ্যা (সংখ্যালঘু ব্যতীত)	ঃ	০২টি।
(i)	হত্যা	ঃ	
(ii)	ধর্ষণ	ঃ	
(iii)	অন্যান্য	ঃ	০২ টি।
৪।	ইতিমধ্যে মামলা হয়েছে তার সংখ্যা	ঃ	০১ টি। (ক্ষমতার দাপটে মামলাটি প্রত্যাহার করিয়ে নেয়)।
(i)	অভিযোগপত্র দাখিল সি/এস	ঃ	
(ii)	**চূড়ান্ত** রিপোর্ট দাখিল	ঃ	

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনাসমূহ তদন্তের জন্য গঠিত জুডিসিয়াল তদন্ত কমিশনে প্রাপ্ত সিরাজগঞ্জ জেলার (সদর) উপজেলার আবেদনপত্রের বিবরণী ঃ

জেলা বিশেষ শাখা সিরাজগঞ্জ, স্মারক নং-২৯৭০/৫৩-৯৬, তারিখ-১৮/০৮/২০১০ খ্রিঃ

ক্র/নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৫০.	মোঃ শাহআলম সেখ পিতা-মৃত জেলহক সেখ সাং-ব্রাম্মন বয়ড়া সদর, সিরাজগঞ্জ।	আমার ব্যবসা প্রতিষ্ঠান তেলের মিল, চাউলের কল, আটার কলসহ বসতবাড়ী ভাংচুর ও লুটপাট করে। এ বিষয়ে আমি মামলা করিলে ক্ষমতার দাপটে প্রত্যাহার করিয়া আমার নামে মিথ্যা মামলা দায়ের করিয়া হয়রানি করে।	√১। মোঃ সহিদুল ইসলাম সিকদার, পিতা-মোঃ সোলায়মান সিকদার, √২। মোঃ বাহালুল আলম, পিতা-মোঃ আবুতাহের, √৩। মোঃ আঃ বাতেন, পিতা-মোঃ হায়দার আলী, √৪। মোঃ সাইফুল ইসলাম, পিতা-মোনসের আলী, √৫। মোঃ সোহেল, পিতা-মোঃ আঃ সালাম, √৬। মোছারু সামাদ, পিতা-শমসের আলী মন্ডল, সর্বসাং-ভুরভুরিয়া, সদর, সিরাজগঞ্জ।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত ।
৫১.	মোঃ মজিবুর রহমান পিতা-মৃত বাবর আলী সেখ, সাং-সালুয়া ভিটা সদর, সিরাজগঞ্জ।	মিথ্যা মামলা দায়ের করিয়া হয়রানি করে।	জামায়াত নেতা আব্দুল বারী (জামিল), পিতা-মৃত আলাউদ্দিন সরকার, সাং-ফুলকোচা, সদর, সিরাজগঞ্জ।	২০০১ সালের ৮ম জাতীয় সংসদ নির্বাচন পরবর্তী সহিংসতার সাথে সংশ্লিষ্ট নহে, ২০০৬ সালের ঘটনা।

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা সংক্রান্তে জুডিসিয়াল তদন্ত কমিশনে সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলার অভিযোগের বিবরণ ঃ

১।	মোট অভিযোগের সংখ্যা	ঃ	০১ টি।
২।	কমিশনের প্রাপ্ত বিচার্য অভিযোগের সংখ্যা	ঃ	০১ টি।
৩।	কমিশনের বিচার্য নহে অভিযোগের সংখ্যা	ঃ	
(ক)	সংখ্যালঘু অভিযোগের সংখ্যা	ঃ	০১টি।
(i)	হত্যা	ঃ	
(ii)	ধর্ষণ	ঃ	০১ টি।
(iii)	অন্যান্য	ঃ	
(খ)	অন্যান্য অভিযোগের সংখ্যা (সংখ্যালঘু ব্যতীত)	ঃ	
(i)	হত্যা	ঃ	
(ii)	ধর্ষণ	ঃ	
(iii)	অন্যান্য	ঃ	
৪।	ইতিমধ্যে মামলা হয়েছে তার সংখ্যা	ঃ	
(i)	অভিযোগপত্র দাখিল সি/এস	ঃ	
(ii)	**চূড়ান্ত** রিপোর্ট দাখিল	ঃ	

গণধর্ষনের শিকার হলো কিশোরী পূর্নিমা

ঘটনাস্থল ঃ সিরাজগঞ্জের উল্যাপাড়ার

পনের বছর বয়সের দশম শ্রেণীর ছাত্রী পুর্ণিমা গণধর্ষণের শিকার হয়ে অনেকটা বাকরুদ্ধ হয়ে পড়েছিল। সিরাজগঞ্জের উল্লাপাড়া থানার দেলুয়া গ্রামের অনিল কুমার শীলের পরিবারের ওপর ২০০১ সাল নির্বাচন পরবর্তী অক্টোবর মাসের ৮ তারিখ রাতে চালানো হয় ইতিহাসের বর্বরোতম অত্যাচার-নির্যাতন। এক পর্যায়ে সন্ত্রাসীরা অনীল শীলের ছোট মেয়েকে তুলে নিয়ে গিয়ে পালাক্রমে ধর্ষণ করে । ঘটনার ৩/৪ দিন পর ঘাতক দালাল নির্মুল কমিটি ধর্ষিত ছাত্রী ও তার পরিবারকে সাংবাদিকদের সামনে হাজির করলে এক হৃদয় বিদারক দৃশ্যের অবতারণা হয়।

সিরাজগঞ্জে অনুসন্ধানে জানা গেছে গত ৮ই অক্টোবর/২০০১ জোট সন্ত্রাসী (১) মোঃ খলিল মিয়া, (২) মোঃ আঃ জলিল মিয়া, (৩) মোঃ লিটন মিয়া (৪) মোঃ আলতাফ হোসেন, (৫) মোঃ আনোয়ার হোসেন (৬) মোঃ রেজাউল হক, (৭) মোঃ আঃ মালেক (৮) মোঃ হোসেন আলী, (৯) মোঃ ছাবেদ আলী (১০) মোঃ আঃ রউফ (১১) মোঃ আঃ মান্নান, (১২) মোঃ মজনু মিয়া (১৩) মোঃ ইউসুফ আলী, (১৪) মোঃ মমিন হোসেন (১৫) মোঃ মনসুর আলী, (১৬) মোঃ জহুরুল ইসলাম (১৭) মোঃ হেভেন মিয়া, (১৮) মোঃ ইয়াসিন আলী, (১৯) মাঃ আব্দুল মিয়া (২০) মোঃ বাবুল মিয়া সহ ২৫/৩০ জনের একটি সন্ত্রাসী দল রাতের আধারে অনীল শীলের বাড়ীতে হানা দেয়। তারা অনিলের ছোট মেয়ে পুর্ণিমা রাণী শীলকে অপহরণ করতে গেলে বাধা দিতে গিয়ে অনিলের স্ত্রী বাসনা রাণী সন্ত্রাসীদের হামলায় অজ্ঞান হয়ে পড়েন। তারা বাড়ীর সবাইকে মারধর করে পুর্ণিমাকে ধরে নিয়ে পালাক্রমে ধর্ষণ করে।

উল্লাপাড়া হামিদা উচ্চ বিদ্যালয়ের এস,এস,সি পরীক্ষার্থীনি পুর্ণিমা গত ১লা অক্টোবরের সংসদ নির্বাচনে নিজ গ্রাম দেলুয়া বিদ্যালয় ভোট কেন্দ্রে আওয়ামী লীগ প্রার্থী আব্দুল লতিফ মীর্জার নির্বাচনী এজেন্ট ছিল। তার মা-বাসনা অন্য ভোট কেন্দ্রে মহিলা আনসারের দায়িত্ব পালন করছিলেন। নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থীর পক্ষে কাজ করার কারণেই এই পরিবারের উপর বিএনপি জোট সন্ত্রাসীরা এই পাশবিক নির্যাতন চালায়। বিএনপি জোট সন্ত্রাসীদের চাপের মুখে থানা পুলিশ অনিল চন্দ্র শীলের নিকট হতে একটি সাদামাটা অভিযোগ নিয়ে ধর্ষণের ঘটনা বাদ দিয়েই শুধুমাত্র দন্ড বিধির ধারায় একটি মামলা রুজু করে। উল্লাপাড়া থানার মামলা নং-০৮ তাং ১০/১০/০১ ধারা ১৪৩/৪৪৮/৩২৩/৩২৪/৩২৫/৩৭৯/৩৫৪ দঃবিঃ। উল্লাপাড়া থানার ভূতপূর্ব অফিসার-ইনচার্জ জনাব মোঃ আবুল হোসেন মোড়ল মামলাটি রুজু করে তদন্তভার এস,আই, মোঃ সিরাজুল ইসলাম খানকে অর্পণ করেন। তদন্তকালে ইং ১৬/১০/২০০১ তারিখে ভিকটিম পুর্ণিমা রাণী শীল এর জবানবন্দী কাঃবিঃ ১৬৪ ধারা মোতাবেক বিজ্ঞ আদালতে রেকর্ড করা হয়। ভিকটিম পুর্ণিমা রাণী শীল তাকে ধর্ষণের বর্ণনা বিজ্ঞ আদালতে বর্ণনা করেন। ইং ১৪/১০/২০০১ তারিখে ভিকটমি পুর্ণিমা রাণী শীলের ধর্ষণ সংক্রান্ত ডাক্তারী পরীক্ষা করানো হয়েছে। ধর্ষণ সংক্রান্ত ডাক্তারী পরীক্ষার মতামত ইং ২০/১০/২০০১ তারিখে পাওয়া যায় যা নিম্নরূপ ঃ

"On the basis of the physical examination and Co-related item with those of pathological examination we the doctors of the board are at opinion that the findings on her body are consistent with recent sexual intercourse"

ভিকটিম পুর্ণিমা রাণী শীল এর বিজ্ঞ আদালতে প্রদত্ত জবানবন্দী এবং ধর্ষণ সংক্রান্ত ডাক্তারী রিপোর্টের আলোকে গত ইং ২৪/১০/২০০১ তাং সংশ্লিষ্ট বিজ্ঞ ম্যাজিষ্ট্রেট আদালতের পরামর্শে বিজ্ঞ পিপি সাহেবের সুপারিশসহ বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ আদালত, সিরাজগঞ্জে আলোচ্য মামলার ধারার সহিত নারী ও শিশু নির্যাতন দমন আইন/২০০০ এর ৭/৯(৩)/১০(১) ধারা সংযোজনের জন্য আবেদন করা হয়। পরবর্তীতে উর্ধ্বতন পুলিশ কর্মকর্তার মৌখিক নির্দেশ মোতাবেক ভূতপূর্ব অফিসার ইনচার্জ পুলিশ পরিদর্শক শেখ আতাউর রহমান বিগত ইং ০৩/১১/০১ তারিখে মামলাটির তদন্তভার গ্রহণ করেন। মামলাটি তদন্ত শেষে উল্লাপাড়া থানায় অভিযোগ পত্র নং ১১৫ তাং ৯/৪/২০০২ ধারা ৭/৯(৩)/৩০ নারী ও শিশু নির্যাতন দমন আইন/২০০০ এবং পৃথক অপর একটি অভিযোগ পত্র নং ১১৬ তাং ৯/৪/২০০২ ধারা ১৪৩/৪৪৮/৩২৩/৩২৪/৩৭৯ দঃবিঃ বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে। মামলাটি বর্তমানে বিজ্ঞ আদালতে বিচারাধীন আছে।

পূর্ণিমা ধর্ষণ মামলা যথাযথ আইনের ধারায় গ্রহণ না করা এবং কর্তব্য কর্মে অবহেলার দরুন তৎকালীন উল্লাপাড়া থানার ওসি আবুল হোসেন মোড়লকে সাসপেন্ড করা হয়েছিল। এ ধরণের একটি লোমহর্ষক, হৃদয় বিদারক ঘটনাকে তৎকালীন চারদলীয় জোট সরকারের মাননীয় সাংসদ এম আকবর আলী জনাকীর্ণ সাংবাদিক সম্মেলনে ঘোষণা করেন উল্লাপাড়ায় সংখ্যালঘুদের উপর নির্যাতনের খবর বানোয়াট, কাল্পনিক ও রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত । তিনি আরও বলেন উল্লাপাড়ায় ধর্ষণের ঘটনাটি লতিফ মির্জার একটি রাজনৈতিক ষড়যন্ত্র ।

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনাসমূহ তদন্তের জন্য গঠিত জুডিসিয়াল তদন্ত কমিশনে প্রাপ্ত সিরাজগঞ্জ জেলার (উল্লাপাড়া) উপজেলার আবেদনপত্রের বিবরণী ঃ

ক্র/নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৫২.	পূর্নিমা রানী শীল পিতা-মৃত অনিল চন্দ্র শীল, সাং-পূর্ব দেলুয়া উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	০৮/১০/২০০১ তারিখ সন্ধা ৭.৩০ টায় বসতবাড়ীতে অতর্কিত হামলা করে বসতবাড়ী ভাংচুর ও লুটপাট করে। জোর পূর্বক বাড়ী থেকে ধরে নিয়ে কচুক্ষেতে ফেলে রেখে আলতাফ, জলিল ও সোহরাব আমাকে পালাক্রমে ধর্ষণ করে।	১। আলতাফ, পিতা-ফজল আলী, ২। জলিল, পিতা-তজির আলী, ৩। মালেক, পিতা-সোবাহান, ৪। মান্নান, পিতা-মোফাজ্জেল আলী, ৫। কিসমত, পিতা-অজ্ঞাত, ৬। রউফ, পিতা-আশরাফ হোসেন, ৭। মমিনসহ অনেকে, সর্বসাং-পূর্ব দেলুয়া, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	প্রাথমিক তদন্তে ঘটনা সত্যতা প্রমানিত হয় এবং সকল আসামীরা বিএনপি-জোট সমর্থিত।

উল্লিখিত ঘটনাসমূহ ছাড়াও কমিশন অনুসন্ধানকালে ২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা সংক্রান্তে সিরাজগঞ্জ জেলায় গত ০১/১০/২০০১ তারিখ হইতে ৩১/১২/২০০২ তারিখের মধ্যে নিম্নলিখিত আওয়ামী লীগ নেতা/কর্মী/সমর্থকগণের বিএনপি জামাত সন্ত্রাসীদের দ্বারা নির্মম হত্যাকাণ্ডের তথ্য পেয়েছে ঃ

ক্র/নং	নিহত ব্যক্তির নাম ও ঠিকানা	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
১.	আক্কাস আলী, পিতা-মৃত বিশা সেখ, গ্রামঃ প্রাণনাথপুর থানা: শাহজাদপুর, জেলাঃ সিরাজগঞ্জ দলীয় পরিচয় ঃ আওয়ামী লীগ কর্মী	গত ০৮/০৩/২০০২ ইং তারিখ রাত আনুমানিক ১২.০০-০৪.০০ ঘটিকার সময়ের মধ্যে বিএনপির সন্ত্রাসী ১। মালেক @ কালু, পিতা-রজব ফকির, ২। হাইজ, পিতা-ঝরু প্রামানিক, ৩। আঃ মজিদ, পিতা-এনাম মোল্লা, ৪। মুন্নাফ, পিতা-ছলিম উদ্দিন, ৫। মোঃ বাবু, পিতা-রফি সেখ, ৬। ওয়ারেছ আলী, পিতা-জব্বার মোল্লা, ৭। বাবলু, পিতা-নওসের, ৮। আঃ ছালাম, পিতা-চাঁন মুন্সীগন ভিকটিম আক্কেল আলীকে প্রাণনাথপুর গ্রামের সকিম উদ্দিনের তাত ঘরের খোলা জায়গায় সকলে মিলে ইটের আঘাত করে হত্যা করে।	সিরাজগঞ্জ শাহজাদপুর থানার মামলা নং-১১, তাং-০৮/০৩/২০০২ ধারা ৩০২/৩৪ পিসি।	সি/এস নং-১৩২ তাং-২১/০৬/২০০২ ধারা ৩০২/৩৪ পিসি দাখিল করা হয়।	আসামীরা বিএনপি নেতা ও সমর্থক।
২.	খোকন মন্ডল পিতা-মৃত লোকমান মন্ডল সাং-পূর্ব চর কৈজুড়ি শাহজাদপুর, সিরাজগঞ্জ। দলীয় পরিচয় ঃ আওয়ামী লীগ কর্মী	গত ০৬/১০/২০০১ তারিখ বিএনপির সন্ত্রাসীরা লুটপাট দাঙ্গা, হাঙ্গামা করার সময় ভিকটিম খোকন মন্ডল তাহার নিজ জমিতে মাষকলাই বুনানোর শেষে বাড়ী ফেরার পথে আসামী ১। ইউসুফ, পিতা-মৃত আকের মোল্লা, ২। পারভেজ, পিতা-আজিজ মাষ্টার, ৩। সফি মন্ডল, পিতা-গুতু মন্ডলসহ সর্বমোট ১১৭ জন লাঠিসোটা, হালা, রানদা, হাসুয়া, চাইনিজ কুড়াল, হাতুড়ি ইত্যাদি দিয়ে মারাত্মক জখম করে হত্যা করে।	সিরাজগঞ্জ শাহজাদপুর থানার মামলা নং-০৫, তাং-০৬/১০/২০০১ ধারা ৩০২/৩৪/১৪৮/ ৩৪১/৩২৩/৩২৪/৩০৭/ ১১৪ পিসি।	সি/এস নং-৮৮ তাং-৩০/০৪/২০০২ ধারা ৩০২/৩৪/১৪৮/ ৩৪১/ ৩২৩/৩২৪/ ৩০৭/১১৪/২২৭/৩২৬ পিসি।দাখিল করা হয়।	আসামীরা বিএনপি নেতা ও সমর্থক।

ক্র/নং	নিহত ব্যক্তির নাম ও ঠিকানা	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
৩.	ইমরুল কায়েস @ কনক পিতা-মৃত আব্দুররশিদ তালুকদার গ্রাম ঃ চালিতাডাঙ্গা, কাজীপুর, জেলাঃ সিরাজগঞ্জ। দলীয় পরিচয় ঃ সহ-সভাপতি, কাজীপুর উপজেলা আওয়ামী লীগ ।	২৭/১২/২০০১ ইং তারিখ বিকাল ১৭.৩০ ঘটিকার সময় ভিকটিম ইমরুল কায়েস সোনামুখী মেলা হতে ফেরার পথে চালিতাডাঙ্গা বাজারে আমজাদ এর বাড়ীর পশ্চিমে পৌছামাত্র ছাত্রদলের সন্ত্রাসী ১। প্রিন্স, পিতা-মোজাম্মেল হক, ২। খালেক, পিতা-মৃত ছুটকা মন্ডল, ৩। শামিম, পিতা-সোলায়মান, ৪। শামিম, পিতা-জহিরুল@ খোকা, ৫। শাহজামাল @ শাহা, পিতা-পর্বত তালুকদার, সর্বসাং-চালিতাডাঙ্গাসহ মোট ১৭ জন চাইনিজ কুড়াল, রানদা, লোহার রড, হকিষ্ট্রিক ইত্যাদি দ্বারা ইমরুল কায়েসকে কুপিয়ে মারাত্মক জখম করিলে ঢামেক চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যায়।	সিরাজগঞ্জ কাজীপুর থানার মামলা নং-১৮, তাং-২৮/১০/২০১০ ধারা ৩০২/৩৪ পিসি।	সি/এস নং-৫৭(১৭) তাং-০৬/০৯/২০০৫ ধারা ৩০২/৩৪ দাখিল করা হয়।	আসামীরা বিএনপি নেতা ও সমর্থক।
৪.	আব্দুল মোমিন, গ্রাম ঃ জগজীবনপুর, উপজেলা ঃ সলঙ্গা। জেলাঃ সিরাজগঞ্জ। আওয়ামী লীগ সমর্থক।	গত ০৬/১১/২০০১ ইং তারিখ রাত আনুমানিক ২০.০০ ঘটিকার সময় বিএনপি ও জামায়াতের ক্যাডার ১। হায়দার আলী, ২। আকতার আরী, ৩। মোঃ মতিয়ার, ৪। মোজদার, সর্বপিতা-মকছেদ আলী, সর্বসাং-জগজীবনপুরসহ মোট ১৪ জন ভিকটিম মমিনকে বাড়ী হতে অপহরণ করে নিয়ে জগজীবনপুর কবরস্থানের পার্শ্বে কুপিয়ে হত্যা করে।	সিরাজগঞ্জ সলংগা থানার মামলা নং-০৭, তাং-০৭/১১/২০০১ ধারা ৩৬৪/৩০২/৩৪ পিসি।	সি/এস নং-০৯(১৪) তাং-২২/০২/২০০৫ দাখিল করা হয়।	আসমীরা বিএনপি ও জামায়াতের ক্যাডার।

ক্র/নং	নিহত ব্যক্তির নাম ও ঠিকানা	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
৫.	আব্দুল কুদ্দুস পিতা-মৃত জসিম উদ্দিন সাং-কোবদাস পাড়া বেলকুচি, সিরাজগঞ্জ জেলা আওয়ামী লীগ সদস্য।	গত ২৫/০৫/২০০২ ইং তারিখ বেলকুচি থানার মুকুন্দগাতী বাজারে আওয়ামী লীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ নাসিমের গাড়ী বহরে বিএনপির সন্ত্রাসী ১। আমিরুলের নেতৃত্বে আসামী ২। নইদুল , ৩। ভুষন, উভয় পিতা-মৃত খোদা নেওয়াজ, সাং-শ্যামগাতি, ৪। মোঃ রফিকুল, পিতা-মৃত রমজান আলী, সাং-সুবর্নসাড়াসহ সর্বমোট ১৯ জনের একদল বিএনপি সন্ত্রাসী হামলা চলাইয়া। হামলাকারীরা নাসিমের সহযোগীদের এলোপাতাড়ি কুপিয়ে গুলি করে আহত করে। এ সময় সিরাজগঞ্জ জেলা আওয়ামী লীগের সদস্য আব্দুল কুদ্দুস ঘটনাস্থলেই নিহত হন।	সিরাজগঞ্জ বেলকুচি থানার মামলা নং-১৩, তাং-২৫/০৫/২০০২ ধারা ১৪৮/৩২৪/৩০২/ ৪২৭/ ৩৪ পিসি।	সি/এস নং-১১১ (০৮) তাং-৩০/১১/২০০২ ধারা ১৪৮/৩২৪/ ৩০২/ ৪২৭/৩৪ পিসি। দাখিল করা হয়।	**আসামীরা বিএনপি নেতা ও সমর্থক।**
৬.	মুক্তিযোদ্ধা খাদেমুল ইসলাম মনি, পিতা-মৃত জামাল খা সাং-কোনাগাতি সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। সয়েদাবাদ ইউ,পি চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা।	গত ১৩ জুন ২০০২ ইং, বৃহস্পতিবার, আওয়ামী লীগ নেতা খাদেমুল ইসলাম মনি ১৩ জুন প্রতিদিনের মতো প্রাতঃভ্রমণে বের হন। সকাল ৭টা ২০ মিনিটে প্রাতঃভ্রমণ শেষে বাসায় ফেরার পথে বাহিরগোলা গণপাঠাগারের সামনে তার ওপর জোট সরকারের অজ্ঞাতনামা সন্ত্রাসীরা অতর্কিত আক্রমণ করে। ধারালো অস্ত্রের উপর্যুপরি আঘাতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।	সিরাজগঞ্জ সদর থানার মামলা নং-১৪, তাং-১৩/০৬/২০০২ ধারা ৩০২/৩৪ পিসি।	এফআরটি নং-২০ তাং-০৭/০৯/২০০৫ ধারা ৩০২/৩৪ পিসি। দাখিল করা হয়।	বিএনপির অজ্ঞাত নামা সন্ত্রাসীরা।

ক্র/নং	নিহত ব্যক্তির নাম ও ঠিকানা	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
৭.	আবুল কাসেম পিতা-অজ্ঞাত সাং-শাহজাদপুর যমুনা নদী কাজীপুর, সিরাজগঞ্জ	গত ২০/১১/২০০২ ইং তারিখ আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম ভুট্টোর বড় ভাই ভিকটিম আবুল কাসেম আমন মেহার চরে জমি দেখতে গিয়ে রহস্যজনকভাবে নিখোজ হয়। নিখোজ হওয়ার ০৫ দিন পর ২৫/১১/২০০২ ইং তারিখ যমুনা নদী হতে তার লাশ হাত-পা বাধা অবস্থায় উদ্ধার করে।	অজ্ঞাত		দৈনিক ইত্তেফাক ২৬/১১/২০০২ ইং তারিখ প্রকাশিত।
৮.	আ, ত, ম হামিদুল হক ফিরোজ মাষ্টার, আওয়ামী লীগ নেতা ও সাবেক উপজেলা চেয়ারম্যান সাং-রায়দৌলতপুর হাটখোলা ব্রীজ বেলকুচি, সিরাজগঞ্জ।	ফিরোজ মাষ্টার শারীরিক ভাবে অসুস্থ্য হওয়ার কারণে প্রতি রাতের ন্যায় গত ১৬/০৯/২০০২ ইং তারিখ রাত আনুমানিত ১.৩০ ঘটিকার সময় হাটখোলা ব্রীজে এসে বসে ছিলেন ঠিক তখন ১০/১২ জন বিএনপির সন্ত্রাসী বাহিনী বাড়ীর পাশের হাটখোলা ব্রীজে এসে তাকে ঘিরে ফেলে এবং মুহুর্তের মধ্যেই ব্রীজ থেকে নামিয়ে জবাই করে হত্যা করে।	১০/১২ জন বিএনপির সন্ত্রাসী দল।		দৈনিক ভোরের কাগজ ১৮/০৯/২০০২ ইং তারিখ প্রকাশিত।

<u>২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা সংক্রান্তে জুডিসিয়াল তদন্ত কমিশনে পাবনা জেলার, সকল উপজেলা হতে প্রাপ্ত অভিযোগের বিবরণ ঃ</u>

১।	মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা	ঃ ১৫৮ টি।
২।	কমিশনের প্রাপ্ত বিচার্য্য অভিযোগের সংখ্যা	ঃ ৭৭ টি।
৩।	কমিশনের বিচার্য্য নহে অভিযোগের সংখ্যা	ঃ ৮১ টি।
(ক)	সংখ্যালঘু অভিযোগের সংখ্যা	ঃ ০৬ টি।
(i)	হত্যা	ঃ ০১ টি।
(ii)	ধর্ষণ	ঃ নাই।
(iii)	অন্যান্য	ঃ ০৫ টি।
অন্যান্য অভিযোগের সংখ্যা (সংখ্যালঘু ব্যতীত)		ঃ ৭১ টি।
(i)	হত্যা	ঃ ১৬ টি।
(ii)	ধর্ষণ	ঃ নাই।
(iii)	অন্যান্য	ঃ ৫৫ টি।
৪।	ইতিমধ্যে মামলা হয়েছে তার সংখ্যা	ঃ ০৫
(i)	অভিযোগপত্র দাখিল	ঃ ০৪
(ii)	**চূড়ান্ত** রিপোট দাখিল	ঃ ০১

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা সংক্রান্তে জুডিসিয়াল তদন্ত কমিশনে পাবনা জেলার, সুজানগর উপজেলা হতে প্রাপ্ত দরখাস্তের বিবরণ ঃ

১।	মোট প্রাপ্ত দরখাস্তের সংখ্যা	ঃ ১২৮ টি।
২।	কমিশনের প্রাপ্ত বিচার্য্য দরখাস্তের সংখ্যা	ঃ ৪৫ টি।
৩।	কমিশনের বিচার্য্য নহে দরখাস্তের সংখ্যা	ঃ ৮৩ টি।
(ক)	সংখ্যালঘু দরখাস্তের সংখ্যা	ঃ ০৩ টি।
(i)	হত্যা	ঃ নাই।
(ii)	ধর্ষণ	ঃ নাই।
(iii)	অন্যান্য	ঃ ০৩ টি।
(খ)	অন্যান্য দরখাস্তের সংখ্যা (সংখ্যালঘু ব্যতীত)	ঃ ৪২ টি।
(i)	হত্যা	ঃ ০২ টি।
(ii)	ধর্ষণ	ঃ নাই।
(iii)	অন্যান্য	ঃ ৪০ টি।
৪।	ইতিমধ্যে মামলা হয়েছে তার সংখ্যা	ঃ নাই।
(i)	অভিযোগপত্র দাখিল	ঃ নাই।
(ii)	**চূড়ান্ত** রিপোট দাখিল	ঃ নাই।

<u>আওয়ামী লীগ করার অপরাধে গোরস্থানেও ঠাঁই হলো না পাবনা সুজানগরের গুপিনপুর গ্রামের মুজিবর রহমানের</u>

গত ২০০১ সালের ৮ম জাতীয় সংসদ নির্বাচনের পর ০৪/১০/২০০১ ইং তারিখ বিএনপি-জোট সন্ত্রাসীরা সুজানগর উপজেলার গুপিনপুর গ্রামের ইঞ্জিনিয়ার মোঃ জিয়াউর রহমান, পিতা-মৃত মুজিবর রহমানের বসতবাড়ী ভাংচুর, পুকুরের মাছ ও ঘরের সোনা-দানাসহ বিভিন্ন রকমের মালামাল লুট এবং বাড়ীর দুইটি টিনের ঘরে আগুন ধরিয়ে দেয় যতক্ষণ পর্যন্ত ঘরগুলো পুড়ে ভস্মিভূত না হয় ততক্ষণ পর্যন্ত সন্ত্রাসীরা বাড়ীতে অবস্থান করে তার বাবাকে শারীরিক ও অমানুষিক নির্যাতন করায় ষ্ট্রোক করে অসুস্থ হয়ে পড়েন। গুরুতর হৃদরোগে আক্রান্ত পিতাকে ঐদিনই রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় পরবর্তী তে ১৪/১০/২০০১ তারিখ তিনি মৃত্যুবরণ করেন। পরদিন মৃতদেহ গ্রামের বাড়ী গুপিনপুর গোরস্থানে দাফন করার ব্যবস্থা করা হয় কিন্তু সুজানগর উপজেলার সাতবাড়ীয়া ইউনিয়নের তৎকালীন চেয়ারম্যান ও বিএনপি নেতা জনাব তোফাজ্জল হোসেন ও তার বাহিনী রাজনৈতিক প্রতিহিংসার কারণে লাশটি স্থানীয় গোরস্থানে দাফন করতে দেয়নি। কোন উপায় অন্তর না দেখে অনোন্যপায় হয়ে পরবর্তীতে লাশটি বাড়ীর আঙ্গিনায় দাফন সম্পন্ন করা হয়। ২২/১০/২০০১ বিকাল ৩.০০ ঘটিকায় কুলখানি অনুষ্ঠানের সব প্রস্তুতি নেয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষক লীগের কেন্দ্রীয় সভাপতি জনাব ডঃ মির্জা আব্দুল জলিলসহ শতশত মানুষ। কিন্তু তোফাজ্জল হোসেনের মেঝ ছেলের (মোঃ রবি) এর নেতৃত্বে তাদের দলীয় বাহিনী অনুষ্ঠানের সব খাবার ছিনিয়ে নেয় এবং শতশত মানুষের সামনে তার কবরের উপর প্রস্রাব করে। সন্ত্রাসীরা মৃত মুজিবর রহমানের স্ত্রী (মোসাঃ রাশেদা বানু)-কে বেধড়ক মারধর করে আহত করে। থানায় মামলা করতে গেলে তৎকালীন ভারপ্রাপ্ত কর্মকর্তা মামলা নেয়নি। কমিশন সরেজমিনে তদন্তকালে জানতে পারে যে স্থানীয় এম,পি সেলিম রেজা হাবীবের ইন্ধনে এই ঘটনা হয়েছে এবং এমপি সেলিম রেজা হাবীবের প্রভাবের কারণেই তখন থানায় মামলা নেয়া হয়নি।

২০০১ সালের নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা তদন্তের জন্য গঠিত জুডিসিয়াল তদন্ত কমিশনপ্রাপ্ত পাবনা জেলার (সুজানগর) উপজেলার আবেদনপত্রের বিবরণী ঃ
বিশেষ শাখা পাবনা স্মারক নং-৪০৭১/১২-২০১০ (১), তারিখ ২৪/১১/২০১০ খ্রিঃ।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/ অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৫৩.	কাজী জনাব পিতা-মৃত-আফছার কাজী সাং-শোলাকড়া সুজানগর, পাবনা।	০৫ ও ০৬/১০/২০০১ তারিখ নির্বাচনের পর আমার বাড়ীতে আক্রমণ করে আমাকে ও আমার পরিবারকে মারধর করে, জমির ফসল লুট, চাঁদা দাবী ও হুমকি প্রদান করে।	√১। মোঃ নজরুল মোল্যা, √২। মোঃ কামাল মোল্যা, √৩। জামাল মোল্যা, উভয় পিতা-রুস্তম মোল্যা, √৪। রুস্তম মোল্যা, √৫। তাজউদ্দিন মোল্যা, উভয় পিতা ইছাক মোল্যা সহ আরো ৫/৬ জন, সর্ব সাং-শোলাকড়া, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৫৪.	মোঃ সাহেব আলী সেখ পিতা-নায়েব আলী সেখ সাং-শোলাকড়া সুজানগর, পাবনা।	০৫/১০/২০০১ তারিখ আমার বাড়ীতে হামলা করে মা, বোন, ভাইকে মারধর করে রক্তাক্ত জখম করে বাড়ীঘর ভাংচুর ও লুটপাট করে এবং মিথ্যা মামলায় হয়রানী করে।	√১। সমির সেখ, পিতা-মৃত-সোবহান সেখ, √২। জিন্নাহ সেখ, পিতা-সমির সেখ, √৩। ইবাদত সেখ, পিতা-মৃত-আছির সেখ, √৪। ইদ্রিস সেখ, পিতা-ছকির সেখ, √৫। হামিদুল সেখ, পিতা-মৃত-নাজির সেখ সহ আরো ১৫/২০ জন, সর্ব সাং-শোলাকড়া সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৫৫.	মোঃ আরশেদ আলী পিতা-মৃত-ছবেদ আলী সাং-বিলক্ষেতুপাড়া সুজানগর, পাবনা।	২৪/০২/২০০২ তারিখে ৮-টি টিনের ঘর ভাংচুর সহ লুট পাট করে নিয়ে যায় এবং মিথ্যা মামলায় হয়রানী করে।	১। মোঃ সেলিম রেজা হাবিব(প্রাক্তন সংসদ সদস্য), √২। আঃ মজিদ ঝন্টু শাহ, পিতা-মৃত-ইসমাইল শাহ, √৩। মোঃ আনোয়ার, পিতা-মৃত-দিরাজ, সর্ব সাং-মালিফা, √৪। মোঃ আফছার মোল্যা, পিতা-মৃত-জয়দার মোল্যা, √৫। মোঃ খলিলুর রহমান,(সুজানগর থানার তৎকালীন এস,আই) সহ আরো ৪/৫ জন।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৫৬.	মোঃ আলম সেখ পিতা-মৃত-আয়জুদ্দিন সেখ সাং-সাগতা সুজানগর, পাবনা।	০৫/১০/২০০১ তারিখ আমার বাড়ীতে বিএনপি সন্ত্রাসী বাহিনী হামলা চালিয়ে ভাংচুর, লুটপাট করে ও মিথ্যা মামলায় হয়রানী করে ।	√১। মোঃ ইউনুস মোল্যা, বিএনপি নেতা, √২। মোঃ লিটন কাজী, √৩। মিল্টন কাজী, উভয় পিতা-মন্তাজ কাজী, √৪। সাহেব আলী, √৫। চাঁদ আলী, √৬। আনছার আলী, উভয় পিতা-ময়েজ উদ্দিন সেখ সহ আরো ৩০/৪০ জন, সর্ব সাং-সাগতা, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৫৭.	মোঃ আবতাপ উদ্দিন মন্ডল পিতা-মৃত-নজের আলী মন্ডল সাং-সাগতা সুজানগর, পাবনা।	২৭/১০/২০০১ তারিখ অনুঃ ০৮.০০ ঘটিকার সময় বিএনপি সন্ত্রাসীরা সাগতা বাজারে আমার চাউলের দোকানে হামলা করে ভাংচুর ও লুটপাট চালিয়ে নগদ টাকা হাতিয়ে নেয়।	√১। মোঃ বয়েজ উদ্দিন, পিতা-মৃত-জয়নাল সেখ √২। কোরবান আলী সেখ, √৩। মোবারক আলী সেখ, √৪। সলিম সেখ, উভয় পিতা-মৃত-ময়েজ উদ্দিন সেখ, √৫। নজরুল ইসলাম, পিতা-মৃত-নূরু সেখ সহ আরো ৩০/৪০ জন সর্ব সাং-সাগতা, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৫৮.	মোঃ উম্বার আলী মোল্লা পিতা-মৃত-খিদির আলী মোল্লা সাং-সাগতা সুজানগর, পাবনা।	০১/১০/২০০১ তারিখ ২০.০০ ঘটিকার সময় বিএনপি সন্ত্রাসীরা আমার চাউল এবং মুদি মালের দোকানে হামলা করে ভাংচুর ও লুটপাট চালিয়ে নগদ টাকা হাতিয়ে নেয়।	√১। মোঃ বয়েজ উদ্দিন, পিতা-মৃত-জয়নাল সেখ √২। কোরবান আলী সেখ, √৩। মোবারক আলী সেখ, √৪। সলিম সেখ, উভয় পিতা-মৃত-ময়েজ উদ্দিন সেখ, √৫। নজরুল ইসলাম, পিতা-মৃত-নূরু সেখ সহ আরো ৩০/৪০ জন সর্ব সাং-সাগতা, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৫৯.	মোঃ আব্দুল লতিফ মোল্লা পিতা-হাবিবুর রহমান সাং-সাগতা সুজানগর, পাবনা।	০১/১০/২০০১ তারিখ ১৯.০০ ঘটিকার সময় বিএনপি সন্ত্রাসীরা আমার বসত বাড়ী এবং মুদি মালের দোকানে হামলা করে ভাংচুর ও লুটপাট চালিয়ে নগদ টাকা হাতিয়ে নেয়।	√১। মোঃ বয়েজ উদ্দিন, পিতা-মৃত-জয়নাল সেখ √২। কোরবান আলী সেখ, √৩। মোবারক আলী সেখ, √৪। সলিম সেখ, উভয় পিতা-মৃত-ময়েজ উদ্দিন সেখ, √৫। নজরুল ইসলাম, পিতা-মৃত-নূরু সেখ সহ আরো ৩০/৪০ জন সর্ব সাং-সাগতা, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৬০.	মোঃ আবুল কালাম আজাদ পিতা-মোঃ হযরত আলী মোল্লা সাং-সাগতা, সুজানগর, পাবনা।	০১/১০/২০০১ তারিখ ১৯.০০ ঘটিকার সময় বিএনপি সন্ত্রাসীরা আমার বসত বাড়ীতে হামলা করে ভাংচুর ও লুটপাট চালিয়ে নগদ টাকা হাতিয়ে নেয় এবং আমার আত্নীয় স্বজনকে মারপিট ও গুলি করে রক্তাক্ত জখম করে।	√১। মোঃ বয়েজ উদ্দিন, পিতা-মৃত-জয়নাল সেখ √২। কোরবান আলী সেখ, √৩। মোবারক আলী সেখ, √৪। সলিম সেখ, উভয় পিতা-মৃত-ময়েজ উদ্দিন সেখ, √৫। নজরুল ইসলাম, পিতা-মৃত-নূরু সেখ সহ আরো ৩০/৪০ জন সর্ব সাং-সাগতা, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৬১.	মোঃ আলাউদ্দিন মোল্লা পিতা-মৃত-খোরশেদ আলী মোল্লা, সাং-সাগতা সুজানগর, পাবনা।	০১/১০/২০০১ তারিখ ১৯.০০ ঘটিকার সময় বিএনপি সন্ত্রাসীরা আমার প্রতিবেশির বাড়ীতে হামলা করে ভাংচুর ও লুটপাট চালানোর খবর পেয়ে আমি সহ এলাকাবাসী উদ্ধার কাজে এগিয়ে গেলে সন্ত্রাসীরা এলোপাথারী গুলিতে রক্তাক্ত জখম করে।	√১। মোঃ বয়েজ উদ্দিন, পিতা-মৃত-জয়নাল সেখ √২। কোরবান আলী সেখ, √৩। মোবারক আলী সেখ, √৪। সলিম সেখ, উভয় পিতা-মৃত-ময়েজ উদ্দিন সেখ, √৫। নজরুল ইসলাম, পিতা-মৃত-নূরু সেখ সহ আরো ৩০/৪০ জন সর্ব সাং-সাগতা, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৬২.	মোঃ আইয়ুব আলী সেখ পিতা-মোঃ সোরমান আলী সেখ, সাং-সাগতা সুজানগর, পাবনা।	০১/১০/২০০১ তারিখ বিএনপি সন্ত্রাসীরা আমার দোকান ভাংচুর লুটপাট করিয়া নিয়া যায় এবং দোকানটি অন্যের নিকট বিক্রি করে দেয়।	√১। মোঃ মিজান উদ্দিন মিয়া, পিতা-আওয়াল মিয়া, √২। মোঃ আশরাফুল ইসলাম, পিতা-মকবুল মিয়া, সাং-সাগতা, √৩। মোঃ রুহুল আমীন সেখ, পিতা-মোঃ শমির সেখ, √৪। মোঃ জানু সেখ, পিতা-ছকির সেখ, √৫। মোঃ ইদ্দিস সেখ, পিতা-সকির সেখ সহ আরো ১০/১২ জন সর্ব সাং-শোলাকুড়া, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৬৩.	মোঃ রেজাউল হক পিতা-শাহাবুদ্দিন মাষ্টার সাং-সৈয়দপুর, সুজানগর, পাবনা।	০৮/১০/২০০১ তারিখে আমাকে মারধর করে রক্তাক্ত যখম করে, আমার বাড়ীতে হামলা করে ভাংচুর লূটপাট করে।	বিএনপি ও জামাত সন্ত্রাসী বাহিনী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া যায় নাই।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৬৪.	মোঃ ইসাহাক আলী সেখ পিতা-মৃত আফসার আলী সেখ সাং-সৈয়দপুর, সুজানগর, পাবনা।	৩০/১১/২০০১ তারিখে ডাক্তার বাড়ী সংলগ্ন রাস্তায় আমাকে মারধর করে রক্তাক্ত যখম করে।	১। মোঃ সাইদুল ইসলাম, ২। মোঃ হেলাল খাঁ, ৩। সাদেক খাঁ, সর্ব পিতা-হোসেন আলী খাঁ, ৪। মোঃ মনিরুজ্জামান মনা, পিতা-ডাঃ মোকছেদ আলী খাঁ, ৫। মোঃ দেলোয়ার হোসেন দেলো, ৬। নজরুল ইসলাম জনু, উভয় পিতা-নুর আলী গং সর্ব সাং-সৈয়দপুর, সুজানগর, পাবনা,	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।
৬৫.	মোঃ জিয়াউল হক পিতা-মোঃ সাহাব উদ্দিন মাষ্টার, সাং-সৈয়দপুর সুজানগর, পাবনা।	০৯/১০/২০০১ তারিখে আমার বাড়ীতে অনধিকার প্রবেশ করে হামলা ভাংচুর লুটপাট করে, আমাকে প্রাণ নাশের হুমকি প্রদান করে এবং মারধর করে।	√১। মোঃ সাইদুল ইসলাম, √২। মোঃ হেলাল খাঁ, √৩। সাদেক খাঁ, উভয় পিতা-হোসেন আলী খাঁ, √৪। মোঃ মনিরুজ্জামান মনা, পিতা-ডাঃ মোকছেদ আলী খাঁ, √৫। মোঃ দেলোয়ার হোসেন দেলো, √৬। নজরুল ইসলাম নজু, উভয় পিতা-নুর আলীসহ আরো ১০/১২ জন। সর্বসাং-সৈয়দপুর, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৬৬.	মোঃ আমজাদ হোসেন পিতা-মৃত হারুন-অর-রশিদ সাং-সৈয়দপুর সুজানগর, পাবনা।	০৯/১০/২০০১ তারিখ আমার বাড়ীতে আক্রমণ করিয়া স্বপরিবারে মারধর করে ভাংচুর ও লুটপাট করে।	√১। মোঃ সাইদুল ইসলাম, √২। মোঃ হেলাল খাঁ, √৩। সাদেক খাঁ, উভয় পিতা-হোসেন আলী খাঁ, √৪। মোঃ মনিরুজ্জামান মনা, পিতা-ডাঃ মোকছেদ আলী খাঁ, √৫। মোঃ দেলোয়ার হোসেন দেলো, √৬। নজরুল ইসলাম নজু, উভয় পিতা-নুর আলীসহ আরো ১০/১২ জন। সর্বসাং-সৈয়দপুর, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৬৭.	মোঃ আব্দুল লতিব পিতা-মৃত ইসমাইল সেখ সাং-সৈয়দপুর সুজানগর, পাবনা।	০২/১০/২০০১ তারিখ আমার বাড়ীতে আক্রমণ করিয়া স্বপরিবারে মারধর করে ভাংচুর ও লুটপাট করে।	√১। মোঃ সাইদুল ইসলাম, √২। মোঃ হেলাল খাঁ, √৩। সাদেক খাঁ, উভয় পিতা-হোসেন আলী খাঁ, √৪। মোঃ মনিরুজ্জামান মনা, পিতা-ডাঃ মোকছেদ আলী খাঁ, √৫। মোঃ দেলোয়ার হোসেন দেলো, √৬। নজরুল ইসলাম নজু, উভয় পিতা-নুর আলীসহ আরো ১০/১২ জন। সর্বসাং-সৈয়দপুর, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৬৮.	মোঃ আমানত খান পিতা-মৃত হারুন-অর-রশিদ সাং-সৈয়দপুর সুজানগর, পাবনা।	০৯/১০/২০০১ তারিখ আমার বাড়ীতে আক্রমণ করিয়া স্বপরিবারে মারধর করে ভাংচুর ও লুটপাট করে।	√১। মোঃ সাইদুল ইসলাম, √২। মোঃ হেলাল খাঁ, √৩। সাদেক খাঁ, উভয় পিতা-হোসেন আলী খাঁ, √৪। মোঃ মনিরুজ্জামান মনা, পিতা-ডাঃ মোকছেদ আলী খাঁ, √৫। মোঃ দেলোয়ার হোসেন দেলো, √৬। নজরুল ইসলাম নজু, উভয় পিতা-নুর আলীসহ আরো ১০/১২ জন। সর্বসাং-সৈয়দপুর, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৬৯.	মোঃ শামীম হোসেন পিতা-মৃত মকছেদ প্রামানিক সাং-সৈয়দপুর সুজানগর, পাবনা।	২৭/১০/২০০১ তারিখে আমাকে এলোপাথাড়ি কুপিয়ে রক্তাক্ত জখম করে এবং আমার পিছন সাইডের নিম্নাঙ্গের মাংস কাটিয়া নিয়া যায়।	√১। মোঃ মধু মোল্লা, পিতা-মৃত হামিদ মোল্লা, √২। মোঃ হাবিল খা, পিতা-মৃত ছিদ্দিক খা, √৩। মোঃ আব্দুল্লাহ, পিতা-মোস্তফা সেখ, √৪। মোঃ মমিন খা, পিতা-মৃত তাহের খা সহ আরো ৩/৪ জন, সর্বসাং-সৈয়দপুর, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৭০.	ইঞ্জিনিয়ার মোঃ জিয়াউর রহমান, পিতা-মৃত মজিবর রহমান, সাং-গুপিনপুর সুজানগর, পাবনা।	বসতবাড়ী ভাংচুর, পুকুরের মাছ ও ঘরের সোনা-দানাসহ বিভিন্ন রকমের মালামাল লুট এবং বাড়ীর দুইটি টিনের ঘরে আগুন ধরিয়ে দেয় যতক্ষণ পর্যন্ত ঘরগুলো পুড়ে ভস্মিভূত না হয় ততক্ষণ পর্যন্ত সন্ত্রাসীরা বাড়ীতে অবস্থান করে, বাবাকে বেদম প্রহার করায় ষ্ট্রোক করে পরবর্তী তে ১৪/১০/২০০১ তারিখ তিনি মৃত্যুবরণ করেন। মৃতদেহ গ্রামের বাড়ী গুপিনপুর গোরস্থানে দাফন করার ব্যবস্থা করা হয় কিন্তু সুজানগর উপজেলার সাতবাড়ীয়া ইউনিয়নের চেয়ারম্যান ও বিএনপি নেতা জনাব তোফাজ্জল হোসেন লাশটি দাফন করতে দেয়নি পরবর্তী তে বাড়ীর আঙ্গিনায় দাফন সম্পন্ন করা হয়। ২২/১০/২০০১ বিকাল ৩.০০ ঘটিকায় কুলখানি অনুষ্ঠানে সব প্রস্তুতি নেয়া হয় কিন্তু তোফাজ্জল হোসেনের মেঝ ছেলের (মোঃ রবি) এর নেতৃত্বে অনুষ্ঠানের সব খাবার ছিনিয়ে নেয় এবং শতশত মানুষের সামনে আমার বাবার কবরের উপর প্রস্রাব করে ও আমার বৃদ্ধ মা কে মারধর করে। থানায় মামলা করতে গেলে তৎকালীন ভারপ্রাপ্ত কর্মকর্তা মামলা নেয়নি। পেপার কাটিং আছে।	সাতবাড়ীয় ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা √১। জনাব মোঃ তোফাজ্জল হোসেন ও তার মেঝ ছেলে √২। মোঃ রবি ও তার দলীয় বাহিনী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, তদন্তে প্রাপ্ত আসামী ১। মোঃ ইয়াদ আলী, পিতা-মৃত-বাবর আলী, ২। মোঃ আমজাদ হোসেন, পিতা-মৃত-গোলাম রসুল, ৩। বন্দের আলী, পিতা-মোঃ আঃ হামিদ, ৪। টিকাই, পিতা-মোঃ গোলাপ সেখ, ৫। আঃ বারেক, পিতা-মহাতাব, সর্ব সাং-গোপিনপুর, সুজানগর, পাবনা, ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৭১.	শ্রী গোপাল চন্দ্র শীল পিতা-মৃত ফনিন্দ্র নাথ শীল সাং-গোবিন্দপুর সুজানগর, পাবনা।	০২/১০/২০০১ তারিখ বি্এনপি সন্ত্রাসী্রা আমার দোকানের যন্ত্রপাতি কেড়ে নিয়ে আমাকে মারধর করে রক্তাক্ত যখম করে। আমি হিন্দু সম্প্রদায়ের সংখ্যালঘু দেখে বিভিন্ন ধরণের নির্যাতনের স্বীকার হতে হয়।	১। মোঃ আঃ মাজেদ, পিতা-মৃত জিগীর খান, √২। মোঃ ফেরদৌর আলী খান, পিতা-মাজেদ্ আলী খান, √৩। মোঃ খোরশেদ সরদার, পিতা-মোঃ আঃ বারেক সরদার, √৪। মোঃ আলহাজ্ব মৃধা, পিতা-মোঃ ছবেদ আলী মৃধা, সর্বসাং- গোবিন্দপুর, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৭২.	প্রদীপ কুমার কুন্ডু পিতা-মৃত যুগল কিশোর কুন্ডু সাং-গোবিন্দপুর সুজানগর, পাবনা।	১৭/১১/২০০১ তারিখ নির্বাচনের পর জোরপূর্বক আমার দোকান ঘরে প্রবেশ করিয়া লুটপাট করে আমাকে মেরে আহত করে।	√১। মোঃ ওয়াজেদ আলী সরদার, √২। মোঃ মানিক সরদার, উভয় পিতা-মৃত ধনী সরকার, সর্বসাং-গোবিন্দপুর, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৭৩.	মোঃ মশিউর রহমান খান পিতা-মৃত-সৈয়দ আলী খান সাং-নওয়াগ্রাম সুজানগর, পাবনা।	১৪/১০/২০০১ তারিখ রাত্র ১১.০০ ঘটিকার সময় বিএনপি সন্ত্রাসীরা আমার বাগানের বিভিন্ন মূল্যবান গাছ কেটে ও পুকুরের মাছ ধরে নিয়ে যায়।	√১। মোঃ হারুন হাজারী, পিতা-মৃত-আব্দুল লতিফ হাজারী (বিদু হাজারী) √২। মোঃ তিতু হাজারী, পিতা-আব্দুস সাত্তার হাজারী (নিমাই হাজারী) √৩। মোঃ ইমরোজ বিশ্বাস, পিতা-মোকছেদুর রহমান বিশ্বাস, √৪। মোঃ নান্নু সেখ, পিতা-মোঃ কন্টল সেখ, √৫। মোঃ হান্নান সেখ, পিতা-মোঃ মনা সেখ সহ আরো ৪/৫ জন সর্ব সাং-নয়াগ্রাম, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৭৪.	খন্দকার দেলোয়ার হোসেন পিতা-মৃতআমজাদ হোসেন খন্দকার, সাং-নওয়াগ্রাম, সুজানগর, পাবনা।	০৫/১০/২০০১ তারিখে আমাকে ঘেরাও করে মারধর করে আমার সাথে থাকা টাকা ও অন্যান্য জিনিসপত্র লুট করে নেয়।	√১। মোঃ শুকুর আ্লী খাঁ, পিতা-অজ্ঞাত, √২। মোঃ কোটন সরদার, পিতা-অজ্ঞাত, সর্বসাং-গোয়ারিয়া, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৭৫.	খন্দকার আনোয়ার হোসেন পিতা-মৃত আমজাদ হোসেন খন্দকার, সাং-নওয়াগ্রাম সুজানগর, পাবনা।	০৮/১০/২০০১ তারিখে আমাকে ঘেরাও করে মারধর করে আমার গরু-ছাগল লুট করে নেয়, সাথে থাকা টাকা ও অন্যান্য জিনিসপত্র লুট করে নেয়।	√১। মোঃ আঃ ছালাম মন্ডল, পিতা-অজ্ঞাত, √২। মোঃ খোকন মন্ডল, পিতা-অজ্ঞাত, সর্বসাং-নাজিরগঞ্জ, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৭৬.	মোঃ আরমান আলী সেখ পিতা-মোঃ সোনাই সেখ সাং-মাঝপাড়া সুজানগর, পাবনা।	০৩/১০/২০০১ বিএনপি-র জোট সন্ত্রাসীরা আমার পুকুরের মাছ লূট করে নেয় এবং পুকুর দখল করে নেয়। পেপার কাটিং আছে।	১। মোঃ আঃ ছালাম মন্ডল, পিতা-অজ্ঞাত, √২। মোঃ খোকন মন্ডল, পিতা-অজ্ঞাত, √৩। হাফেজ মন্ডল, √৪। রইচ মন্ডল, সর্বপিতা-জব্বার মন্ডল, √৫। ছবদুল মন্ডল, √৬। ছলিম মন্ডল, উভয় পিতা-টুরি মন্ডলসহ আরো ৩/৪ জন। সর্বসাং-রাইপুর মাঝপাড়া, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৭৭.	মোঃ আঃ আজিজ সেখ পিতা-মৃত সোনাই সেখ সাং-রাইপুর সুজানগর, পাবনা।	০২/১০/২০০১ তারিখে আমার বাড়ীতে হামলা চালিয়ে আমাকে ও আমার পরিবারকে মারধর করে ভাংচুর লূটপাট করে।	√১। মোঃ সাহাদাত মন্ডল, পিতা-মৃত আবুল মন্ডল, √২। মোঃ জাগির হোসেন, পিতা-মৃত আবুল মন্ডল, ৩। মোঃ সেলিম মন্ডল, পিতা-উগশা মন্ডল, √৪। মোঃ বাদশা মন্ডল, পিতা-মৃত আব্দুল মন্ডল, √৫। শিবু মন্ডল, পিতা-সাহাদত মন্ডল, সর্বসাং-রাইপুর মাছপাড়া, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৭৮.	মোঃ আমদ আলী সরদার পিতা-মৃত আব্দুল সরদার সাং-সৌক্ষেতুপাড়া সুজানগর, পাবনা।	০২/১০/২০০১ তারিখ নির্বাচনের পর রাত ৯.০০ ঘটিকার সময় কাশিপুর বাজার থেকে আসার সময় আমার উপর হামলা চালিয়ে আমাকে মারধর করে ৩০.০০ হাজার টাকা ছিনিয়ে নেয়।	√১। মোঃ ফারুক মোল্লা, পিতা-মোঃ কোবাদ মোল্লা, √২। মোঃ জাহাঙ্গীর আলী জাহান, পিতা-মোঃ শহিদ আলী সেখ, √৩। মোঃ উজ্জল, পিতা-মোঃ খলিল সেখ, √৪। মোঃ খুশিদুল আলী সেখ, পিতা-মোঃ আমজেদ আলী সেখ, √৫। ইউনুস আলী খাঁ, পিতা-মোঃ সোনাই খাঁ, সর্বসাং-সৌক্ষেতুপাড়া, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৭৯.	মোঃ জালাল উদ্দিন মোল্লা পিতা-মৃত ছকির উদ্দিন মোল্লা, সাং-বোনকোলা সুজানগর, পাবনা।	২৩/০৩/২০০২ তারিখে বিএনপি সন্ত্রাসী বাহিনী আমাকে ও আমার ছেলে, ভাইকে মারধর করে রক্তাক্ত যখম করে, পরবর্তীতে ২৪/০৩/২০০২ তারিখে আমার ছেলে মারা যায়।	√১। মোঃ দেলোয়ার হোসেন, √২। আজিজার রহমান, √৩। রেজাউল করিম সিকদার, √৪। তমিজ উদ্দিন সিকদার, উভয় পিতা-মৃত গেদু সিকদারসহ আরো ৩/৪ জন। সর্বসাং-বোনকোলা, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত। এ ব্যাপারে থানায় মামলা হয় এবং পরবর্তী তে ফাইনাল রিপোর্ট দাখিলকরে, সুজানগর থানার মামলা নং-০৯/তাং-২৪/০৩/২০০২, এফ, আর, টি নং-৩১/ তাং-০২/১০/২০০২ ইং।
৮০.	মোঃ দেলবার সরদার পিতা-মোঃ আকবার সরদার সাং-খেক্ষতুপাড়া সুজানগর, পাবনা।	০৬/১০/২০০১ তারিখ নির্বাচনের পর আমার বাড়ীতে হামলা করে আমাকে মারধর করে রক্তাক্ত জখম করে এবং নগদ টাকাসহ ঘরের মালামাল লুট করে নিয়ে যায়।	√১। মোঃ হেলাল মোল্লা, পিতা-রোকন মোল্লা, সাং-মাছপাড়া, √২। বুলন মোল্লা, পিতা-গনি মোল্লা, সাং-ক্ষেতু পাড়া, √৩। বাদি হেলাল মোল্লা, পিতা-করিম বাদি, √৪। মোঃ হেলাল মোল্লা, পিতা-কালে মোল্লা, √৫। মোঃ রতন, পিতা-আফতাব, সাং-মাছপাড়া, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৮১.	মোঃ আবুল কালাম আজাদ পিতা-মোঃ তায়েজ উদ্দিন সেখ, সাং-সৌক্ষেতুপাড়া সুজানগর, পাবনা।	০১/১০/২০০১ তারিখ বিএনপি সন্ত্রাসীরা আমি আওয়ামী লীগ করার অপরাধে আমাকে এবং আমার পরিবারের সবাইকে মারধর করে আহত অবস্থায় ফেলে চলে যায়।	√১। মোঃ আফসার আলী মোল্লা, পিতা-মৃত জয়দার আলী মোল্লা, √২। মোঃ কালাম মোল্লা, পিতা-মৃত কাদের মোল্লা, √৩। মোঃ বন্দের মোল্লা, পিতা-মোঃ আফসার আলী মোল্লা, √৪। মোঃ হেলাল সেখ, পিতা-মৃত করিম সেখ, √৫। মোঃ মোতাহার আলী মোল্লা, পিতা-মৃত দারোগ আলী মোল্লা, সর্বসাং-মাছপাড়া, সুজানগর, পাবনাসহ আরো ১০/১২ জন।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৮২.	মোঃ আঃ মালেক পিতা-মোঃ আঃ জব্বার সেখ সাং-সৌক্ষেতুপাড়া সুজানগর, পাবনা।	০২/১০/২০০১ তারিখ বিভিন্ন দেশীয় অস্ত্র শস্ত্র নিয়ে আমার বাড়ীতে প্রবেশ করিয়া এলোপাথাড়ী গুলি ছুড়তে থাকে এবং সপরিবারে মারধর করিয়া ভাংচুর ও লুটপাট করে।	√১। মোঃ সোবাহান সেখ, পিতা-মোঃ সাদেক আলী সেখ, √২। মোঃ দোলন মোল্লা, পিতা-মোঃ গনি মোল্লা, √৩। মোঃ জাহান সেখ, পিতা-মোঃ শহিদ সেখ, √৪। সিপন সেখ, পিতা-মোঃ দুলাল মিস্ত্রী, √৫। মোঃ ফারুক মোল্লা, পিতা-মোঃ কুব্বাত মোল্লাসহ আরো ১০/১২ জন, সর্বসাং-সৌক্ষেতুপাড়া, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৮৩.	মোঃ আমজাদ হোসেন মন্ডল পিতা-মোঃ আছেদ আলী মন্ডল, সাং-উদয়পুর সুজানগর, পাবনা।	০২/১০/২০০১ তারিখ আমার উদয়পুর বাজার সংলগ্ন বাটার শো-রুম, মুদি দোকান, সাইকেল ভ্যানের পার্টসের দোকান ভাংচুর ও লুটপাট করে।	√১। মোঃ নজরুল ইসলাম, পিতা-টকাই মিয়া, √২। মোঃ মিন্টু মিয়া, পিতা-আলম মিয়া, √৩। মোঃ ময়না মিয়া, পিতা-ছালাম মিয়া, √৪। মোঃ রসুল খা, পিতা-লতিব খা, √৫। মোঃ রমজান খা, পিতা-আবুবক্কর খা, সর্বসাং-উধয়পুর, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৮৪.	মোঃ আব্দুল মজিদ মিয়া পিতা-মোঃ বদিউজ্জামান মোল্লা, সাং-উদয়পুর সুজানগর, পাবনা।	১৪/০১/২০০২ সালের ১৬.০০ ঘটিকার সময় বিএনপি সন্ত্রাসীরা আমার উপর আক্রমণ চালিয়ে মাথা এবং শরীরের বিভিন্ন স্থানে মারাত্মক জখম করে ও বাড়ী ঘর লুটপাট করে নিয়ে যায়।	√১। রাজ্জাক মিয়া, পিতা-মৃত-বকাই মিয়া, √২। জুলহাস মন্ডল, পিতা-হোসেন মন্ডল, √৩। খোকন,পিতা-হোসেনে মোল্লা সর্ব সাং-উদয়পুর,সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৮৫.	মোঃ আজিবর আলী খান পিতা-মৃত-ওলফাত আলী খান, সাং-মানিক হাট সুজানগর, পাবনা।	২৮/০৪/২০০২ তারিখ সকাল ০৮.০০ ঘটিকার সময় বিএনপি সন্ত্রাসীরা আমার বসত বাড়ী ভাংচুর, লুটপাট সহ পরিবারের সকলকে মারপিট করে রক্তাক্ত জখম করে একই দিনে বসত ভিটার উপর পুকুর কেটে মাছ ছেড়ে দেয়।	√১। মোবারক সেখ, পিতা-হায়দার সেখ, √২। সোবান সেখ, √৩। রব্বান সেখ, উভয় পিতা-মোবারক সেখ √৪। মন্জুর সেখ, √৫। রতন সেখ, উভয় পিতা-মৃত-করিম সেখ সহ আরো ৪/৫ জন, সর্ব সাং-মানিক হাট, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৮৬.	মোঃ আব্দুল লতিফ প্রাঃ পিতা-অজ্ঞাত সাং-মানিক হাট সুজানগর, পাবনা।	০১/১০/২০০১ তারিখ নির্বাচনের ভোট চলাকালীন সময়ে বিএনপি সন্ত্রাসীরা ভোট কেন্দ্র দখল করার জন্য হামলা করে এলোপাথাড়ী গুলি ছুড়ে এমন সময় আমার বড় ছেলে মাছুমের চোখে গুলি লাগলে সে গুরুত্বর আহত অবস্থায় তাকে বিদেশে নিয়া চিকিৎসা করানো হয়।	১। মোঃ লিটন সেখ, পিতা-মোঃ ওহাব আলী, ২। নজরুল ইসলাম, পিতা-মৃত-লোকমান, ৩। রাশেদ, পিতা-আঃ মান্নান, সর্ব সাং-মানিকহাট, সুজানগর, পাবনা,	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। ঘটনার সাথে জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৮৭.	মোঃ ছকির উদ্দিন পিতা-মৃত-ইয়ার আলী সাং-দড়িমালঞ্চী (চরপাড়া) সুজানগর, পাবনা।	২৩/১০/২০০১ তারিখ বিএনপি সন্ত্রাসীরা আমাকে জোর করে ধরে নিয়ে মারপিট করে রক্তাক্ত জখম করে এবং আমার সঙ্গে থাকা নগদ টাকা ছিনিয়ে নেয়। মিথ্যা মামলায় হয়রানী করে।	√১। মুন্নু,পিতা-মৃত-বেলায়েত হোসেন, √২। আক্তার, পিতা-মৃত-শাহেদ আলী, √৩। আয়েন মুন্সী, √৪। ইব্রাহীম মুন্সী, √৫। ইসমাইল, √৬। ইউসুব উভয় পিতা-আব্দুল হক মুন্সী সর্ব সাং-দড়িমালঞ্চী (চরপাড়া), সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৮৮.	মোঃ জাহাঙ্গীর হোসেন (রনি) পিতা-অজ্ঞাত সাং-বালিয়াডাঙ্গী সুজানগর, পাবনা।	১৫/১০/২০০১ তারিখ সন্ত্রাসীরা আমার দোকান ঘর ভাংচুর ও লুটপাট করে, ০৯/১১/২০০১, ২০/১২/২০০১ ও ২৫/১২/২০০১ তারিখ পরপর ফলজ গাছ কবুতর স্যালো ইঞ্জিন নিয়ে যায় এবং মাছ লুট সহ মাছের খামার নিয়ে যায়।	√১। খোকন, √২। মামুন, √৩। শুকুর, ৪। শাহিন, উভয় পিতা-অজ্ঞাত, √৫। মোঃ জুলহাস সেখ, √৬। মোঃ মালেক সেখ, উভয় পিতা-মৃত কোরবান আলী সেখ, সর্বসাং-বালিয়াডাঙ্গী, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৮৯.	মোঃ আয়েন উদ্দিন মন্ডল পিতা-মৃত বছির মন্ডল সাং-চরকৃষ্টপুর সুজানগর, পাবনা।	২৮/১০/২০০১ তারিখ দেশীয় অস্ত্র শস্ত্র নিয়ে ১৫ বিঘা জমির ধান কেটে নেয়, ০৭/১১/২০০১ তারিখ উক্ত সন্ত্রাসীরা আমাকে বিভিন্ন অস্ত্র দিয়ে আঘাত করে আহত করে। সাথে থাকা টাকা ও অন্যান্য মালামাল লুট করিয়া নেয়।	√১। আরশাদ সরদার, √২। মোঃ কাবেজ সরদার, উভয় পিতা-মৃত রেজন সরদার, সাং-গোবিন্দ্রপুর, √৩। মোঃ আক্কাছ ফকির, পিতা-মৃত মনছের ফকির, √৪। মোঃ পরেশ মন্ডল, পিতা-মৃত মকরম মন্ডল, √৫। মোঃ হাসমত, পিতা-মৃত খোয়াজ সরদারসহ আরো ৪/৫ জন, সর্বসাং-চরকুষ্টপুর, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৯০.	মোঃ আব্দুস শুকুর সরদার পিতা-মৃত খেয়াল উদ্দির সরদার, সাং-রাইশিমুল সুজানগর, পাবনা।	২০/১০/২০০১ তারিখ এলাকার কয়েকজন লোকের হত্যার খবর শুনিয়া আমার ভাতিজা রেজাউল, আব্দুর রহিম, আবু হোসেন ও লবু সরদার স্থানীয় দোকানের সামনে আগাইয়া গেলে বিএনপির সন্ত্রাসীগণ ধারালো অস্ত্র শস্ত্র নিয়ে বাড়ীর সামনে বোমা ফাটাইয়া ত্রাস সৃষ্টি করে একপর্যায়ে আমার ভাতিজা দোড় দিলে তাদেরকে কোপাইয়া রক্তাক্ত জখম করে মৃত অবস্থায় ফেলে যায় পরবর্তী তে তাদেরকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়। উক্ত ঘটনার প্রেক্ষিতে বিজ্ঞ আদালতে অভিযোগ করি।	√১। মোঃ সোহরাব সেখ, √২। তোয়াজ সেখ, √৩। রিয়াজ সেখ, উভয় পিতা-মৃত তায়েজ সেখ, √৪। ওয়াজেদ আলী, √৫। লোকমান সেখ, উভয় পিতা-মৃত ইসমাইল সেখসহ আরো ২৫/৩০ জন, সর্বসাং-রাইশিমুল, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৯১.	মোঃ আজগর আলী সেখ পিতা-ফয়েজ উদ্দিন সেখ সাং-বাড়ীপাড়া সুজানগর, পাবনা।	১৬/১০/২০০১ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় সন্ত্রাসীগণ বিভিন্ন অস্ত্র শস্ত্র নিয়ে বাড়ীতে হামলা চালিয়ে ০৩টি টিনের ঘর, ০১টি দোকান ও ০১টি রাইচ মিল ভাংচুর করে জমির ফসল, গরু, ছাগল, হাস, মুরগী ও নগদ টাকা লুট করে নিয়ে যায়।	√১। আব্দুল খালেক সেখ, পিতা-মৃত মফিজ উদ্দিন সেখ, √২। আঃ মুনিল সেখ, পিতা-রমজান আলী সেখ, √৩। আঃ জব্বার, পিতা-আয়েজ উদ্দিন খান, √৪। মোঃ রতন, √৫। মোঃ মানিক, উভয় পিতা-জব্বার খানসহ আরো ১৫/২০ জন, সর্বসাং-বরাইপাড়া, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৯২.	মোঃ আঃ ওহাব ফকির পিতা-খোরশেদ আলী ফকির সাং-সিন্দুরী সুজানগর, পাবনা।	২০০১ সালের নির্বাচনের পর আমার উপর শারীরিক নির্যাতন চালিয়ে বিএনপি সন্ত্রাসীরা আমার স্ত্রীর কোল হইতে শিশু সন্তানকে কেড়ে নিয়ে আছার মারে, দের মাস পর সন্তানটি মারা যায়। পরবর্তী তে বসতবাড়ী ভাংচুর লূটপাট করে।	√১। মোঃ খালেক ফকির, √২। মোঃ রাজা ফকির, √৩। মোঃ আজাদ ফকির, √৪। মাজেদ ফকির, উভয় পিতা-মোঃ রুস্তম ফকির, √৫। মোঃ সেলিম ফকির, পিতা-মোঃ খালেক ফকিরসহ আরো ১৮/২০ জন। সর্বসাং-সিন্দুরী বরুরীয়া, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৯৩.	মোঃ হারুন সেখ পিতা-মৃত ময়েন উদ্দিন সেখ সাং-সিন্দুরী বরুরিয়া সুজানগর, পাবনা।	২০০১ সালের নির্বাচনের পর বিএনপি সন্ত্রাসীরা আমার বসতবাড়ী ভাংচুর লুটপাট করে ও মিথ্যা মামলায় হয়রানী করে।	১। খন্দকার গোলাম মোরশেদ প্রিন্স, পিতা-মৃত খন্দকার মোরশেদ আলীসহ আরো অনেকে, সাং-মুরারী, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া যায় নাই।
৯৪.	মোঃ মোশারফ হোসেন পিতা-মোঃ আব্দুস শুকুর সেখ, সাং-বিলক্ষেতুপাড়া সুজানগর, পাবনা।	২৪/১২/২০০তারিখ জাতীয় নির্বাচনের পর বিএনপি সন্ত্রাসীরা আমার বসতবাড়ী ভাংচুর লুটপাট করে ও আমার বাবা মাকে মারধর করে এবং আমাকে মিথ্যা মামলায় হয়রানী করে।	১। একেএম সেলিম রেজা হাবিব(প্রাক্তন এমপি), √২। মোঃ আঃ মজিদ শাহ (ঝন্টু), উভয় সাং-মালিফা, √৩। আব্দুল মজিদ, সাং-সৌক্ষেতুপাড়া, √৪। মোঃ আমরিক আলী, √৫। মোঃ কোয়েস হোসেন, উভয় সাং-বোনকোলা, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৯৫.	মোঃ আব্দুল হামিদ মোল্লা পিতা-দিরাজ মোল্লা সাং-ভাটপাড়া সুজানগর, পাবনা।	বসতবড়ী ভাংচুর ও লুটপাট দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে এলোপাথাড়ী মারপিট করে গুরুতর জখম করে এবং মিথ্যা মামলায় হয়রানি করে।	√১। মোঃ আক্তার (বিকমল), √২। আকমল, উভয় পিতা-মোক্তার প্রামানিক, √৩। মুছা, পিতা-জয়না, √৪। মোঃ রাশেদ, পিতা-লেবু খা, √৫। মন্টু সেখ, পিতা-গফুর সেখসহ আরো ৪/৫ জন, সর্বসাং-ভাটপাড়া, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৯৬.	মোছাঃ মিনা খাতুন স্বামী-মৃত শামছুর রহমান সাং-ভাটপাড়া সুজানগর, পাবনা।	ঘরের দরজা ভেঙ্গে আতর্কিত ভাবে দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে ঘরে প্রবেশ করিয়া আমাকে এবং আমার স্বামীকে এলোপাথাড়ী মারপিট ও কুপিয়ে গুরুতর জখম হয় পরবর্তী তে চিকিৎসাধীন থাকা অবস্থায় আমার স্বামী মৃত্যুবরণ করেন।	√১। মোঃ আক্তার (বিকমল), √২। আকমল, উভয় পিতা-মোক্তার প্রামানিক, √৩। মুছা, পিতা-জয়না, √৪। মোঃ রাশেদ, পিতা-লেবু খা, √৫। মন্টু সেখ, পিতা-গফুর সেখসহ আরো ৪/৫ জন, সর্বসাং-ভাটপাড়া, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৯৭.	সুধীর কুমার পোদ্দার পিতা-মৃত সতীন্দ্র নাথ পোদ্দার সাং-নিশ্চিন্তপুর সুজানগর, পাবনা।	৩০/০৯/২০০১ তারিখ রাতে আমার ০৭টি দোকান আগুন দিয়ে পুড়িয়ে দেয় ও নিতাই কুমার পোদ্দারের বাসা ভাংচুর ও লুটপাট করে মূল্যবান জিনিসপত্র নিয়ে যায় এবং পরিবারের সকল সদস্যদেরকে মারধর করে ভোট কেন্দ্রে যেতে নিষেধ করে।	√১। সুজন সরদার, পিতা-শুকুর সরদার, √২। আলহাজ প্রামানিক, পিতা-গিয়াস উদ্দিন প্রামানিক, √৩। ইসলাম খলিফা এর নেতৃত্বে উক্ত হামলা পরিচালনা করা হয়। সর্বসাং-নিশ্চিন্তপুর, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৯৮.	মোঃ রহম আলী পিতা-মৃত তাসেম সেখ সাং-সয়দপুর সুজানগর, পাবনা।	গত ৩০/০৯/২০০৯ ইং তারিখ সন্ধা ৭.০০ ঘটিকার সময় আমার বাড়ীর পাশে তোফাজের চায়ের দোকানে বসে থাকা অবস্থায় বিএনপি ও জোট সন্ত্রাসীরা লোহার রড দিয়া পিটিয়ে ও কোপাইয়া মারাত্মক আঘাত করে এবং মিথ্যা মামলায় হয়রানি করে।	১। মোঃ দেলোয়ার, পিতা-হাই সিকদার, ২। সাকিল, পিতা-তোরাব সেখ, ৩। এরশাদ, ৪। ময়েন, উভয় পিতা-দিনু চৌধুরী, ৫। মোস্তফা, পিতা-শুকুর বিশ্বাস, ৬। সবুজ মিয়া, পিতা-হামিদুর রহমান মিয়া, ৭। বাপ্পি, পিতা-লালু মিয়া, সর্বসাং-সয়দপুর, সুজানগর, পাবনা।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে আসামীরা জড়িত বিএনপি জোট জামাত সমর্থিত।
৪৪০.	মোঃ নুরুল ইসলাম গং সভাপতি মালখানগর ইউনিয়ন আওয়ামী লীগ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।	মারপিট করে রক্তাক্ত জখম, মাংসের দোকানে হামলা করে টাকা ও মাংস লুট, বাড়ীতে গুলি বর্ষণ করে মহিলা ও শিশু নির্যাতন আওয়ামী লীগ নেতৃবৃন্দের উপর হামলা।	√১। মোঃ ফারুক মিয়া, √২। শাশীম মিয়া, পিতা-মৃত আফজাল হক মিয়া, √৩। আঃ হাই বাবুল, √৪। লিটন মিয়া, √৫। মিলন মিয়া, উভয় পিতা-মৃত আবুল হাসেমসহ আরো ২০/২৫ জন, সর্বসাং-গোড়াপী পাড়া, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি'র সমর্থিত।

ক্র/নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৪১.	মোঃ আসাদুজ্জামান আসাদ সাবেক সভাপতি রাজানগর ইউনিয়ন ছাত্রলীগ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।	০১/১০/২০০১ তারিখ বিভিন্ন অস্ত্রশস্ত্র দিয়ে পিটিয়ে রক্তাক্ত অবস্থায় ফেলে রেখে চলে যায়।	√১। জসিম উদ্দিন রোকন, সাবেক সাধারন সম্পাদক উপজেলা বিএনপি, √২। মোঃ হাসেম, পিতা-মৃত তজিম উদ্দিন, √৩। আব্দুল আজিজ, পিতা-হাজী আজাহার আলী, সর্বসাং-সৈয়দপুর, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি'র সমর্থিত।
৪৪২.	আলেফ খলিফা পিতা-অজ্ঞাত সাং-কাঠালতলী সিরাজদিখান, মুন্সীগঞ্জ।	জমি জবর দখল বসতবাড়ী ভাংচুর লুটপাট মারধর।	১। শমসের আলম ভূইয়া (মদদদাতা), পিতা-অজ্ঞাত, ২। উজ্জল, পিতা-মৃত নুরুজ্জামান,৩। টুটুল, পিতা-অজ্ঞাত, সাং-কাঠালতলী, ৪। সালাম, হাং, পিতা-আসর উদ্দিন, হাং, ৫। হাজাঙ্গীর তালুকদার, পিতা-রহিম বকস তালুকদার, সর্বসাং-জৈনসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।	প্রাথমিক তদন্তে অভিযোগকারীকে জিজ্ঞাসাবাদে জানা যায় তাহার উপর উল্লিখিত কোন ঘটনা ঘটে নাই।
৪৪৩.	আবুল হোসেন মেম্বার পিতা-সৃজন হাওলাদার সাং-তেলিপাড়া সিরাজদিখান, মুন্সীগঞ্জ।	০৪/১০/২০০১ তারিখ বিভিন্ন অস্ত্রশস্ত্র দিয়ে এলোপাথাড়ী পিটিয়ে ডান হাতসহ শরীরের বিভিন্ন স্থানে জখম করে স্থানীয় লোকজন উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে।	১। মোঃ শহিদ বেপারী, √২। মতিন মাষ্টার, পিতা-আশোক আলী, ৩। জিয়াবুল, পিতা-অজ্ঞাত, ৪। মোঃ মনির, পিতা-মৃত মোহাম্মদ আলী সেখ, সাং-তেলী পাড়া, ৫। হিরু সেখ, পিতা-মৃত মীর আলী সেখ, ৬। মোঃ ওসমান মিয়া, পিতা-মৃত আনু দেওয়ান, ৭। সাদায়েত উল্লাহ, পিতা-মোঃ রশিদ বেপারী, সর্বসাং-মালব দিয়া, সিরাজদিখান, মুন্সীগঞ্জ। (৪নং হতে ৭নং তদন্তে প্রাপ্ত)।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি'র সমর্থিত।

ক্র/নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৪৪.	মোঃ নজরুল ইসলাম পিতা-সিরাজুল ইসলাম সাং-মধ্যপাড়া সিরাজদিখান, মুন্সীগঞ্জ।	০৭/১০/২০০১ তারিখ আমাকে মারধর করে পরিবারের সকলের উপর নির্যাতন কর বসতবাড়ী ভাংচুর ও লুটপাট করে। গরম পানি দিয়ে শরীর ঝলসে দেয়।	√১। আজিম আল রাজি, সাং-কাকালদি, √২। নাদিম, পিতা-হাজী জালাল উদ্দিন, √৩। সুমন বেপারী, পিতা-সামাদ বেপারী, √৪। মোঃ ইকবাল সেখ, পিতা-ফজল সেখ, √৫। রতন হাওলাদার, পিতা-আলমাছ, সর্বসাং-কাকালদি, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি’র সমর্থিত।
৪৪৫.	আকাতার হোসেন মেট্রো পিতা-মোসলেম উদ্দিন মৃধা সাং-চম্পকদি সিরাজদিখান, মুন্সীগঞ্জ।	০২/১০/২০০১ তারিখ। বিভিন্ন অস্ত্রশস্ত্র দিয়ে এলোপাথাড়ী পিটিয়ে ডান হাতসহ শরীরের বিভিন্নস স্থানে জখম করে স্থানীয় লোকজন উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে।	১। শমসের আলম ভূইয়া (মদদদাতা), পিতা-অজ্ঞাত, ২। উজ্জল, পিতা-মৃত নুরুজ্জামান, ৩। টুটুল, পিতা-অজ্ঞাত, সাং-কাঠালতলী, ৪। সালাম, হাং, পিতা-আসর উদ্দিন, হাং, ৫। হাজাঙ্গীর তালুকদার, পিতা-রহিম বকস তালুকদার, ৬। মোঃ আলম, পিতা-মৃত আবুল খায়ের লস্কর, ৭। মোঃ রফিজ উদ্দিন হাওলাদার, পিতা-মৃত নটুজ উদ্দিন, হাওলাদার, সাং-চম্পকদি, সিরাজদিখান, মুন্সীগঞ্জ (৬নং ও ৭নং তদন্তে প্রাপ্ত)।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি’র সমর্থিত।

উল্লিখিত ঘটনাসমূহ ছাড়াও কমিশন অনুসন্ধানকালে ২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা সংক্রান্তে মুন্সীগঞ্জ জেলায় গত ০১/১০/২০০১ তারিখ হইতে ৩১/১২/২০০২ তারিখের মধ্যে নিম্নলিখিত আওয়ামী লীগ নেতা/কর্মী/সমর্থকগণের বিএনপি জামাত সন্ত্রাসীদের দ্বারা নির্মম হত্যাকাণ্ডের তথ্য পেয়েছে ঃ

ক্র/নং	নিহত ব্যক্তির নাম, ঠিকানা ও দলীয় পরিচয়	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
১.	নাসির পিতা-আব্দুল লতিব মাঝি গ্রাম ঃ মাকুহাটি মুন্সীগঞ্জ, মুন্সীগঞ্জ। আওয়ামী লীগ কর্মী।	**গত ৩০/০৯/২০০১ রাত ২০৩০ ঘটিকার সময় মুন্সীগঞ্জ থানাধীন ভিকটিম নাসির নির্বাচনী প্রচারনা শেষে মাকুহাটি ব্রীজের কাছে পৌছাইলে বিএনপির আগ্নেয় অস্ত্রধারী সন্ত্রাসী ১। শাহাআলম মল্লিক, পিতা-লোকমান মিয়া, ২। জনু মোল্লা, পিতা-মজিবর মোল্লা, ৩। আবুবক্কার মোল্লা, ৪। হানিফ মোল্লা, উভয় পিতা-মৃত মজিদ মোল্লা, ৫। কোমর উদ্দিন মোল্লা, পিতা-মোতালেব মোল্লাসহ সর্বমোট ২৫ জনের একটি দল ভিকটিম নাসির কে নির্মমভাবে গুলি করে হত্যা করে।**	মুন্সীগঞ্জ থানার মামলা নং-০৫, তাং-০৪/১০/০১ ধারা ৩০২/৩৪ পিসি	এফআরটি নং-০৫ তারিখ ১৩/০৩/০৩ দাখিল হয়।	আসামীরা সকলেই চারদলীয় জোট সন্ত্রাসী
২.	আবু সিদ্দিক পিতা-আবুল কাসেম খান সাং-ভিটিহোগলা মুন্সীগঞ্জ, মুন্সীগঞ্জ। আওয়ামী লীগ কর্মী।	**গত ২০/১২/২০০১ ইং তারিখ রাত আনুমানিক ২৩৩০ ঘটিকার সময় মুন্সীগঞ্জ থানাধীন কোটগাঁও হতে ভিকটিক আবু সিদ্দিককে বিএনপির সন্ত্রাসী ১। মজনু দেওয়ান, পিতা-মৃত মরন দেওয়ান, ২। জহির উদ্দিন সরকার, ৩। জিয়া সরকার, ৪। জামাল সরকার, সর্বপিতা-রহমান সরকার, ৫। আদু সরকার, পিতা-মনির উদ্দিন সরকার, সর্বসাং-ভিটিহোগলা, মুন্সীগঞ্জসহ মোট ১৮ ভিকটিমকে অপহরণ করে নিয়ে তার ডান হাতের কব্জি ও দু পায়ে ধারালো অস্ত্র দিয়ে ক্ষতবিক্ষত করে এবং গুলি করে নির্মমভাবে হত্যা করে।**	মুন্সীগঞ্জ থানার মামলা নং-১৭, তাং-২১/১২/০১ ধারা ১৪৭/৩৬৪/১১৪/ ৩০২/৩৪ পিসি	সি/এস দাখিল হয়। আসামীরা বেকসুর খালাস পায়।	আসামীরা সকলেই চারদলীয় জোট সন্ত্রাসী

ক্র/নং	নিহত ব্যক্তির নাম, ঠিকানা ও দলীয় পরিচয়	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
৩.	মোঃ মোজাফ্ফর হোসেন পিতা-অজ্ঞাত সাং-চরডুবুরিয়া সদর, মুন্সীগঞ্জ।	গত ১৮/১২/২০০১ ইং তারিখ ভিকটিম মোজাফ্ফর হোসেন তার পিতার মৃত্যুর খবর শুনে লাশ দাফনের জন্য এলাকায় আছেন। বিএনপির সন্ত্রাসীরা লাশ দাফন করার জন্য ৬০.০০ হাজার টাকা চাদা দাবী করেন। দাবীকৃত ৬০.০০ হাজার টাকার কথা শুনে ঘটনাস্থলেই মোজাফ্ফর হোসেন স্ট্রোক করে মারা যান। মৃতের অপর দুই ভাই লাশ দাফন করে পরদিন বিএনপির সন্ত্রাসীদের ভয়ে এলাকা ছাড়তে বাধ্য হন।	বিএনপির সন্ত্রাসী বাহিনী।		দৈনিক জনকণ্ঠ ২০/১২/২০০১ ইং তারিখ প্রকাশিত।

<u>২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা সংক্রান্তে জুডিসিয়াল তদন্ত কমিশনে ঢাকা মেট্রো প্রাপ্ত অভিযোগের বিবরণ ঃ</u>

১।	মোট অভিযোগের সংখ্যা	ঃ ১১ টি।
২।	কমিশনের প্রাপ্ত বিচার্য অভিযোগের সংখ্যা	ঃ ১১ টি।
৩।	কমিশনের বিচার্য নহে অভিযোগের সংখ্যা	ঃ
(ক)	সংখ্যালঘু অভিযোগের সংখ্যা	ঃ ০২ টি।
(i)	হত্যা	ঃ ০২ টি।
(ii)	ধর্ষণ	ঃ
(iii)	অন্যান্য	ঃ
(খ)	অন্যান্য অভিযোগের সংখ্যা (সংখ্যালঘু ব্যতীত)	ঃ ০৯ টি।
(i)	হত্যা	ঃ ০৯ টি।
(ii)	ধর্ষণ	ঃ
(iii)	অন্যান্য	ঃ
৪।	ইতিমধ্যে মামলা হয়েছে তার সংখ্যা	ঃ ১০ টি।
(i)	অভিযোগপত্র দাখিল সি/এস	ঃ ০৭ টি।
(ii)	চূড়ান্ত রিপোর্ট দাখিল	ঃ ০৩ টি।

উল্লিখিত ঘটনাসমূহ ছাড়াও কমিশন অনুসন্ধানকালে ২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা সংক্রান্তে ঢাকা মেট্রোতে গত ০১/১০/২০০১ তারিখ হইতে ৩১/১২/২০০২ তারিখের মধ্যে নিম্নলিখিত আওয়ামী লীগ নেতা/কর্মী/সমর্থকগণের বিএনপি জামাত সন্ত্রাসীদের দ্বারা নির্মম হত্যাকাণ্ডের তথ্য পেয়েছে ঃ

ক্র/নং	নিহত ব্যক্তির নাম, ঠিকানা ও দলীয় পরিচয়	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
১.	মানিক পিতা-মোঃ আইয়ুব আলী হাওলাঃ বাসা নং-১১২৮ পূর্ব শেওড়াপাড়া কাফরুল, ঢাকা। দলীয় পরিচয় ঃ ছাত্রলীগ কর্মী	গত ২৬/১২/২০০১ ইং বিকেলে আনুমানিক সাড়ে ৫ টার দিকে ছাত্রদলের ১। মিজান @ পিচ্চি মিজান, পিতা-নুরুল ইসলাম, সাং-৫৭০ ইব্রাহিমপুর, ২। বাবু, পিতা-মামুন, সাং-১২৪২ পূর্ব শেওড়াপাড়া, ৩। রবিউল, পিতা-সামছউদ্দিন, সাং-২/২ পূর্ব কাজীপাড়া, ৪। নাসির উদ্দিন, পিতা-নিজাম উদ্দিন, সাং-১১১২ পূর্ব শেওড়াপাড়া, ৫। গিয়াস উদ্দিন, পিতা-মৃত ইদ্রিস আলী, সাং-১১৩৫ পূর্ব শেওড়াপাড়াসহ মোট ০৯ জন ভিকটিম মানিক এর বাসা থেকে আনুমানিক ৫০ গজ দূরে এনে তার বুকে আগ্নেয়াস্ত্র ঠেকিয়ে গুলি করে পালিয়ে যায়। পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিলে কতর্বরত ডাক্তার তাকে মৃত ঘোষণা করে।	কাফরুল থানার মামলা নং-৫০, তাং-২৬/১২/০১ ধারা ৩০২/৩৪ পিসি	সি/এস নং-১৩৬, তারিখ ০৫/০৫/০৪ দাখিল হয়।	আসামীরা সকলেই ছাত্রদলের অস্ত্রধারী।
২.	মিজানুর রহমান @ বালতি মিজান সাং-ভিটাবাড়ী ভান্ডারিয়া, পিরোজপুর এ/পি-২৯১ দঃ পাইকপাড়া রোড নং-৭, কল্যাণপুর, ঢাকা। দলীয় পরিচয় ঃ আওয়ামী লীগ কর্মী	গত ১০/১০/২০০১ ইং তারিখ বিকাল ১৬৪৫ ঘটিকার সময় বিএনপির দলীয় সন্ত্রাসী ১। কোরবান আলী, পিতা-দিলু মাতুব্বর, সাং-৩৭১ দঃ পাইকপাড়া, রোড নং-১৬, ব্লক-সি, মীরপুর, ২। সামছু, পিতা-খালেক, সাং-ধনিয়া, ৩। বাবুল, পিতা-মিছির আলী, সাং-চরপটরা, ৪। কাসেম, পিতা-তাহর মিয়া, সাং-নাসির খালি, সর্ব থানা ও জেলা-ভোলাসহ মোট ২০ জন ভিকটিম বালতি মিজানকে মোবাইলে ডেকে নিয়ে মধ্য পীরেরবাগ পাকা মসজিদের নিকট গুলি করে নির্মমভাবে হত্যা করে।	মীরপুর থানার মামলা নং-২৫, তাং-১০/১০/০১ ধারা ৩২৬/৩০৭/ ৩০২/৩৪ পিসি	সি/এস নং-২১২, তারিখ ১৬/০৪/০৪ দাখিল হয়।	আসামীরা সকলেই স্থানীয় বিএনপির সন্ত্রাসী।

ক্র/নং	নিহত ব্যক্তির নাম, ঠিকানা ও দলীয় পরিচয়	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
৩.	আনিসুর রহমান টিটো পিতা-আব্দুস সোবাহান সাং-৫৫ ঝিকাতলা আব্দুর রহমান লেন, ধানমন্ডি, ঢাকা। এ/পি -১/৬ ঢালী অফিস রোড হাজারীবাগ, ঢাকা আওয়ামী লীগ কর্মী।	গত ২৪/১০/২০০১ ইং তারিখ বিকাল ১৭৩০ ঘটিকার সময় বিএনপির অজ্ঞাত নামা সন্ত্রাসীরা ভিকটিম ইনছুর রহমান টিটোকে বাসা হতে কৌশলে অপহরণ করে নিয়ে ২৭৮/ এ শেরেবাংলা রোডস্থ লেডিস টেইলার্সের সামনে মাথায় ও পেটে গুলি করে নির্মমভাবে হত্যা করে।	হাজারীবাগ থানার মামলা নং-১৫, তাং-২৪/১০/০১ ধারা ৩০২/৩৪ পিসি	এফআরটি নং-১০ তারিখ ২৬/০৬/০২	আসামীরা সকলেই স্থানীয় বিএনপির সন্ত্রাসী।
৪.	রাকিবুর রহমান রকিব পিতা-আব্দুর রশিদ সাং-১১১১/সি বাইতুল আমান হাউজিং সোসাইটি, মালা এন্টার প্রাইজ, আদাবর, ঢাকা। স্বেচ্ছাসেবক লীগ সমর্থক।	গত ০৫/১১/২০০১ ইং তারিখ সাবেক মোহাম্মদপুর থানা হালে আদাবর থানাধীন, ১১১১/সি বাইতুল আমান হাউজিং সোসাইটি, মালা এন্টার প্রাইজ, আদাবর, ঢাকা ও গাড়ীর গ্যারেজের সামনে বিএনপির সন্ত্রাসী ১। ইসমাইল, পিতা-সৈয়দ আলী, বাড়ী নং-৮৩ রোড নং-০৬, শেখেরটেক আদাবর, ২। হামিদুল হক, পিতা-মৃত ফজল হক, সাং-৪/১৬ পিসি কালচার হাউজিয় সোসাইটি, আদাবর, ৩। বাদশা, পিতা-মৃত রহমান সেখ, ১৫/৩ টিক্কাপাড়া, মোহাম্মদপুর, সর্বজেলা-ঢাকাসহ মোট ০৭ জন মাইক্রো বাস যোগে ভিকটিম রাকবের নিজ বাড়ীতে এসে ব্রাস ফায়ার করে রাকিবকে নির্মমভাবে হত্যা করে দ্রুত পালিয়ে যায়।	মোহাম্মদপুর থানার মামলা নং-২৫, তাং-০৫/১১/২০০১ ধারা ৩০২/৩২৬/ ৩০৭/৪২৭/৩৪ পিসি	সি/এস নং-৬৯৪(৭) তারিখ ১৬/১২/০৩ দাখিল হয়।	আসামীরা সকলেই স্থানীয় বিএনপির সন্ত্রাসী।
৫.	মোহাম্মদ লিটন ওরফে ভুট্টো পিতা-সুলতান আহমেদ সাং-১০৬১ পূর্ব শেওড়াপাড়া কাফরুল, ঢাকা। যুবলীগ নেতা	গত ১০/১০/২০০১ ইং তারিখ রাত ২৩০ ঘটিকার সময় কাজীপাড়া মাদ্রসা রোডে প্রাইমারী স্কুলের সামনে রাস্তার উপর ভিকটিম মোঃ লিটন @ ভুট্টোকে অজ্ঞাত নামা বিএনপির ৭/৮ জন সন্ত্রাসীরা গুলি করিয়া নির্মমভাবে হত্যা করে।	কাফরুল থানার মামলা নং-১৮, ১১/১০/২০০১ ধারা ৩০২/৩৪ পিসি	এফআরটি নং-২৭০, তারিখ ১২/১২/০৩	আসামীরা সকলেই স্থানীয় অজ্ঞাত নামা বিএনপির সন্ত্রাসী।

ক্র/নং	নিহত ব্যক্তির নাম, ঠিকানা ও দলীয় পরিচয়	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
৬.	খোকন পিতা-মোহাম্মদ মোস্তফা সাং-জলারগাড় দাউদকান্দি, কুমিল্লা এ/পি-৯৯/ডি মিয়াজান গলি মানিকনগর, দিলু রহমানের বাড়ী, ডেমরা, ঢাকা। আওয়ামী লীগ কর্মী।	গত ০৪/০৫/২০০২ ইং তারিখ রাত আনুমানিক ২০৩০-২১০০ ঘটিকার মধ্যে বিএনপির সন্ত্রাসী ১। মুকুল, পিতা-আকরাম হোসেন, ২। সোহেল, পিতা-জামাল, ৩। সোহাগ, পিতা-ফাত্তাহ শাহ, ৪। রুবেল, পিতা-আলম, সর্বসাং-মিয়াজান গলি, মানিকনগর, থানা-যাত্রাবাড়ীসহ মোট ০৯জন পূর্বপরিকল্পিতভাবে বাড়ী হইতে অপহরণ করিয়া ধারালো অস্ত্র দ্বারা এলোপাথাড়ীভাবে মারাত্মক জখম করিয়া পায়ের রগ কাটিয়া জবাই করে হত্যা করে।	ডেমরা থানার মামলা নং-১৩, তাং-০৪/৫/০২ ধারা ৩০২/৩৪ পিসি	সি/এস নং-৬৯৫(৬) তারিখ ১৬/১২/০২ দাখিল হয়।	আসামীরা সকলেই স্থানীয় বিএনপির সন্ত্রাসী।
৭.	মোঃ রেজাউল করিম @খোকান পিতা-আব্দুর রউফ সাং-মুক্তা রামপুর নবীনগর, বি-বাড়ীয়া এ/পি-২৬৫ পূর্ব নাখালপাড়া, তেজগাঁও, ঢাকা। আওয়ামী লীগ কর্মী।	গত ১১/০৪/২০০২ ইং তারিখ ১৯৩০ ঘটিকার সময় হাজী মরন আলী রোডে নিহারীকা টেইলার্সের সামনে ভিকটিম রেজাউল করিম খোকনকে বিএনপির সন্ত্রাসী সুমন গ্রুপের নিজাম উদ্দিন মোল্লা @ জুয়েল, পিতা-ফয়েজ উদ্দিন মোল্লা, সাং-২৯১ পূর্ব নাখালপাড়া, ২। মোঃ রাজু @ শাহজাহান সিরাজ, পিতা-আবুল হোসেন, সাং-ব/১ নাখাল পাড়া সমিতি বাজার তেজগাঁও, ঢাকাসহ অজ্ঞাত সন্ত্রাসীরা পিছন দিক হতে ভিকটিম খোকনকে মাথায় গুলি করে হত্যা নিশ্চিত করে পালিয়ে যায়।	তেজগাঁও থানার মামলা নং-৩৯, তাং-১২/৪/০২ ধারা ৩০২/৩৪ পিসি	সি/এস নং-৬১৩ তারিখ ১৭/৯/০২ দাখিল হয়।	আসামীরা সকলেই স্থানীয় বিএনপির সন্ত্রাসী।
৮.	সিদ্ধার্থ কুমার সরকার সাবেক ছাত্রলীগ জিএস তেজগাঁও কলেজ, ঢাকা। ছাত্রলীগ নেতা।	গত ১৩/০৫/২০০২ ইং তারিখ সন্ধ্যা আনুমানিক ১৮৩০ ঘটিকার সময় বাড্ডা থানাধীন হাসেন উদ্দিন রোডে ছাত্রলীগের মিটিং শেষে ছাত্রলীগ কর্মীরা দলবদ্ধ হয়ে গুলশান যাওয়ার পথে স্থানীয় ছাত্রদলের অস্ত্রধারী সন্ত্রাসীরা ছাত্রলীগের নেতা ও কর্মীদের উপর ব্রাস ফায়ার করিলে ০৩ জন গুলিবিদ্ধ হয়ে মারাত্মক জখম প্রাপ্ত হয় ঘটনাস্থলেই তেজগাঁও সরকারী কলেজর সাবেক জিএস সিদ্ধার্থ কুমার সরকার নিহত হয়।	বাড্ডা থানার মামলা নং-২৯, তাং-১৩/০৫/০২ ধারা ৩২৬/৩০৭/ ৩০২/৩৪ পিসি	এফআরটি নং-৭৮, তারিখ ১২/০৫/০২	আসামীরা সকলেই স্থানীয় ছাত্রদলের ক্যাডার।

ক্র/নং	নিহত ব্যক্তির নাম, ঠিকানা ও দলীয় পরিচয়	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
৯.	দেবাশীষ গোস্বামী @বাপ্পা পিতা-মৃত সুনীল গোস্বামী সাং-মনোহরদী মনোহরদী, নরসিংদী এ/পি -সেগুন বাগিচা, রমনা, ঢাকা আওয়ামী লীগ কর্মী।	গত ২৭/০৫/২০০২ ইং রাতে নরসিংদীর মনোহরদী উপজেলার ছাত্রলীগ কর্মী বাপ্পা গত নির্বাচনের পর জোট সরকারের সন্ত্রাসীদের ভয়ে বাড়ি ছাড়ে। জোট সন্ত্রাসীদের ভয়ে ৭ মাস বাড়ি ফেরা হয়নি তার। অবশেষে, সে বাড়ি ফেরে তবে জীবিত নয়, লাশ হয়ে। ঢাকার রমনা থানার সেগুনবাগিচার একটি নির্মাণাধীন বাড়িতে তার লাশ পাওয়া যায়। বাপ্পার পরিবার জানায়, জোট সন্ত্রাসীরা তাকে হত্যা করেছে।	মামলা হয় নাই।	-	খুনীরা সকলেই বিএনপির অজ্ঞাত নামা সন্ত্রাসী।
১০.	আশরাফ উদ্দিন সাং-৩২/১ সামসাবাদ লেন কোতয়ালী, ঢাকা। ছিন্নমূল হকার্স লীগের সহ-সভাপতি	গত ০৮/০৬/২০০২ রাত আনুমানিক ১৩৩০ ঘটিকার সময় বিএনপির ওয়ার্ড কমিশনারের লালিত সন্ত্রাসী সুলতান এর নেতৃত্বে ৫/৬ জন অস্ত্রধারী ভিকটিম আশরাফ উদ্দিন কে তাহার বাড়ীর সামনে চিটাগাং ষ্ট্রীল হাউজ নামক দোকানে বসা অবস্থায় ভিকটিমকে গুলি করে মারাত্মক জখম করে পরে হাসপাতালে চিকিৎসারত অবস্থায় আশরাফ নিহত হয়।	কোতয়ালী থানার মামলা নং-১৬, তাং-০৮/০৬/০২ ধারা ৩০২/৩৪ পিসি	সি/এস নং-২৫০ তারিখ ২৪/০৪/০৩ দাখিল হয়।	খুনিরা স্থানীয় বিএনপির ওয়ার্ড কমিশনারের লালিত সন্ত্রাসী।
১১.	দুলাল টুন্ডা দুলাল পিতা-মফিজ উদ্দিন সাং-মাদারীপুর শাকিনের ভাড়াটিয়া কেরানীগঞ্জ, ঢাকা। আওয়ামী লীগ কর্মী।	গত ১৭/০৪/২০০২ ইং তারিখ রাত আনুমানিক ২০০০ ঘটিকার সময় বিএনপির সন্ত্রাসীরা কামরাঙ্গীরচর পূর্ব ইসলামনগর ব্যাটারীহাট কাঠের পুলের নামার মাঠে অপহরণ করে নিয়ে মারাত্মক জখম করে তাহার চোখ দুটো উঠিয়ে ফেলে রেখে চলে যায় পরবর্তী তে ভিকটিম দুলালের আত্মীয়স্বজন সংবাদ পাইয়া দ্রুত ঘটনা স্থলে গিয়ে ভিকটিম উদ্ধার পূর্বক ঢাকা মেডিকেল কলেজ হাসপতালে নিয়ে গেলে চিকিৎসারত অবস্থায় সে মারা যায়।	কামরাঙ্গীরচর থানার মামলা নং-১০, তাং-১৮/০৪/২০০২ ধারা ৩০২/৩৪ পিসি	সি/এস নং-৬২(৪) তারিখ ০৩/০৭/০৩ দাখিল হয়।	স্থানীয় বিএনপির সন্ত্রাসী বাহিনী।

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা সংক্রান্তে জুডিসিয়াল তদন্ত কমিশনে ঢাকা জেলার প্রাপ্ত অভিযোগের বিবরণ ঃ

১।	মোট অভিযোগের সংখ্যা	ঃ ৫৮ টি।
২।	কমিশনের প্রাপ্ত বিচার্য অভিযোগের সংখ্যা	ঃ ২৭ টি।
৩।	কমিশনের বিচার্য নহে অভিযোগের সংখ্যা	ঃ ২৯ টি।
(ক)	সংখ্যালঘু অভিযোগের সংখ্যা	ঃ
(i)	হত্যা	ঃ
(ii)	ধর্ষণ	ঃ
(iii)	অন্যান্য	ঃ
(খ)	অন্যান্য অভিযোগের সংখ্যা (সংখ্যালঘু ব্যতীত)	ঃ ২৫ টি।
(i)	হত্যা	ঃ ২০ টি।
(ii)	ধর্ষণ	ঃ
(iii)	অন্যান্য	ঃ ০৫ টি।
৪।	ইতিমধ্যে মামলা হয়েছে তার সংখ্যা	ঃ ০৫ টি।
(i)	অভিযোগপত্র দাখিল সি/এস	ঃ ০৪ টি।
(ii)	চূড়ান্ত রিপোর্ট দাখিল	ঃ

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনাসমূহ তদন্ততের জন্য গঠিত জুডিসিয়াল তদন্ত কমিশনে প্রাপ্ত ঢাকা জেলার আবেদনপত্রের বিবরণীঃ

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৪৬.	বিজয় কুমার সরকার পিতা-ভুপেন্দ্র কুমার সরকার সাং-মোহনপুর ধামরাই, ঢাকা।	০৫/১০/২০০১ তারিখ বাড়ীতে হামলা চালিয়ে আমার বাবার নিকট ৩০.০০ হাজার টাকা চাঁদা দাবী করে চাদার টাকা দিতে অস্বীকার করলে বাবার মাথায় অস্ত্র ঠেকিয়ে মেরে ফেলার হুমকি দেয়। বাড়ীতে অগ্নি সংযোগ করে।	১। জনৈক আব্দুল আলিম ও তার দলীয় বাহিনী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া যায়
৪৪৭.	মোঃ সিরাজুদৌলা আজাদ ব্যবস্থাপনা পরিচালক মেসার্স অগ্রগামী ইঞ্জিনিয়ার্স কনকর্ড গ্র্যান্ড (৪র্থ তলা) ১৬৩/১, শান্তিনগর, ঢাকা-১২১৭।	০৫/০২/২০০২ তারিখে আমাকে মিথ্যা মামলায় হয়রানি করে এবং পৈত্রিক ভিটা ভাংচুর ও লুটপাট করে। ছবি ও সিডি আছে।	এডভোকেট মাহবুবুর রহমান ও তার দলীয় বাহিনী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে আসামীরা জড়িত বিএনপি জোট জামাত সমর্থিত।
৪৪৮.	এএসএম মহিউদ্দিন চন্দন পিতা-মৃত হাজী ছায়েদুল হক সাং-কোনাপাড়া বাসষ্ট্যান্ড, ডেমরা, ঢাকা।	০৩/০৩/২০০২ ইং তারিখ দুপুর আনুমানিক ৩.০০ ঘটিকার সময় আমার দোকান ঘর ও গুদাম কারখানা অগ্নি সংযোগ করে প্রায় ৭.০০ লক্ষ টাকার ক্ষতি সাধন করে।	স্থানীয় বিএনপির সন্ত্রাসী বাহিনী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে আসামীদের ব্যাপারে আরও অধিকতর তদন্তের প্রয়োজন।

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনাসমূহ তদন্তের জন্যগঠিত জুডিসিয়াল তদন্ত কমিশনে প্রাপ্ত ঢাকা জেলার (যাত্রাবাড়ী) উপজেলার আবেদনপত্রের বিবরণীঃ

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৪৯.	এ এসএম মহিউদ্দিন চন্দন পিতা-মৃত হাজী ছায়েদুল হক সাং-কোনাপাড়া বাসষ্টান্ড উত্তর পাড়া ডগার, যাত্রাবাড়ী, ঢাকা	আওয়ামী লীগ কর্মী হওয়ার কারণে ০৩/০৩/২০০২ তারিখ দুপুর আনুমানিক ০২০০ ঘটিকার সময় রাজনৈতিক প্রতিহিংসার কারণে আমার দোকান ঘর ও গুদাম ঘরে আগুন দিয়ে পুড়িয়ে দেয়। পেপার কাটিং আছে।	স্থানীয় বিএনপির সন্ত্রাসী বাহিনী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া যায়। আসামীদের ব্যাপারে আরও অধিকতর তদন্তের প্রয়োজন।
৪৫০.	আবুল কালাম আজাদ পিতা-মৃত ইদ্রিস আলী সাং-প্লট নং-১৯৫২ জিয়া সরণী রোড, রসুলবাগ, কদমতলী, ঢাকা।	বিগত ২০০১ সালের নির্বাচনের পরপরই স্থানীয় বিএনপির এমপি সালাউদ্দিন আহমেদ এর মদদে তার দলীয় ক্যাডার কর্তৃক চাহিত চাঁদা প্রদান না করায়। জাল দলিল সৃজন করিয়া সম্পত্তি দখল করে। লুটপাট নারী ও শিশু নির্যাতনের মিথ্যা মামলায় জড়িয়ে হয়রানি এবং বিভিন্ন রকম শারীরিক ও মানষিক নির্যাতন।	১। মোস্তাফিজুর রহমান, ২। নজরুল ইসলাম, উভয় পিতা-মোহাম্মদ আলী, ৩। আব্দুস সালাম, পিতা-মৃত আহমেদ, সাং-জিয়া সরণী রোড, রসুলবাগ, কদমতলী, ঢাকা। তৎকালীন বিএনপির এমপি সালাউদ্দিন আহমেদ এর নির্দেশে এই অপকর্ম চলে।	তদন্তে ঘটনার সত্যতা পাওয়া যায়। ঘটনার সাথে বর্ণিত আসামীদের সংশ্লিষ্টতা সম্পর্কে জনশ্রুতি আছে।
৪৫১.	মোঃ তোফাজ্জল হোসেন পিতা-মোঃ আওলাদ আলী ৯০ হাজারীবাগ, ঢাকা। সভাপতি জাতীয় ট্যানারী শ্রমিক লীগ, হাজারীবাগ, ঢাকা।	০৪/১০/২০০১ তারিখ আমাকে মারধর করে রক্তাক্ত অবস্থায় ফেলে চলে যায়। আমি প্রাণের ভয়ে মামলা করতে পারি নাই।	স্থানীয় বিএনপির সন্ত্রাসী বাহিনী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া যায়। আসামীদের ব্যাপারে আরও অধিকতর তদন্তের প্রয়োজন।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৫২.	ডাঃ মোঃ হেলাল উদ্দিন ভুইয়া সহকারী পরিচালক ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতাল, ৫৩/১ জনসন রোড, ঢাকা।	নির্বাচনের পর বিবাদীগণ আমাকে মারধর করিয়া ময়মনসিংহ মেডিকেল কলেজ হইতে তাড়িয়ে দেয় পরবর্তী তে আমি ময়মনসিংহ মেডিকেল কলেজ হইতে ইন্টার্নী শেষ করতে পারিনি। পরবর্তীতে আমি ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতাল থেকে ১.০০ লক্ষ টাকার বিনিময়ে ইন্টার্নী করি।	১। মোঃ ইচাহাক, ২। মোঃ সাজ্জাদ, ৩। মোঃ রিপন, ৪। মোঃ আমিনুল ইসলাম, উভয় পিতা-অজ্ঞাত।	তদন্তে ঘটনার সত্যতা পাওয়া যায়। ঘটনার সাথে বর্ণিত আসামীদের সংশ্লিষ্টতা সম্পর্কে জনশ্রুতি আছে।

উল্লিখিত ঘটনাসমূহ ছাড়াও কমিশন অনুসন্ধানকালে ২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা সংক্রান্তে ঢাকা জেলায় গত ০১/১০/২০০১ তারিখ হইতে ৩১/১২/২০০২ তারিখের মধ্যে নিম্নলিখিত আওয়ামী লীগ নেতা/কর্মী/সমর্থকগণের বিএনপি জামাত সন্ত্রাসীদের দ্বারা নির্মম হত্যাকাণ্ডের তথ্য পেয়েছে ঃ

ক্র/নং	নিহত ব্যক্তির নাম, ঠিকানা ও দলীয় পরিচয়	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
১.	আমির আবদুল্লাহ @ হাসান সাকিল পিতা-মৃত হাজী আব্দুল কাদের সাং-গোলজার বাগ কেরানীগঞ্জ, ঢাকা	গত ১৬/০২/২০০২ ইং তারিখ ১৩০০ ঘটিকার সময় ভিকটিম আমির আবদুল্লাহ হাসান সাকিল তার বন্ধু নেন্টুকেসহ একটি মোটর সাইকেল যোগে ঝিনঝিরা ফেরিঘাট পার হয়ে নিজ বাড়ীতে আসার পথে মোটর সাইকেলটি ঝিনঝিরা ফেরীঘাট রোড শওকত হাজীর তৃতীয়তলা বাড়ীর সামনে পৌছা মাত্র স্থানীয় বিএনপির সন্ত্রাসী ১। মেহবুব, পিতা-কাসেম, ২। জাহেদুল@ সাজু, পিতা-চান মিয়া, উভয় সাং-লসমনগঞ্জ, ৩। মাহাবুব @ পলাশ, পিতা-সোলায়মান, ৪। আরিফ, পিতা-মৃত আশরাফসহ মোট ২৩ জন মোটর সাইকেলটি ঘেরাও করিয়া এলোপাথাড়ী মারধর রিভলবার পিস্তল দিয়ে সাকিল ও সেন্টুকে গুলি বর্ষণ করে ঘটনাস্থলেই সেন্টু মারা যায় এবং হাসপাতালে নেওয়ার পথে সাকিল ও মারা যায়।	কেরানীগঞ্জ থানার মামলা নং-৩৭, তাং-১৬/০২/০২ ধারা ৩০২/৩৪ পিসি	সি/এস নং-৪৭৭, তারিখ ১০/১১/০২ দাখিল হয়।	আসামীরা সকলেই চারদলীয় জোট সন্ত্রাসী
২.	সেন্টু প্রযত্নে-মৃত আমির আবদুল্লাহ @ হাসান সাকিল পিতা-মৃত হাজী আব্দুল কাদের সাং-গোলজার বাগ কেরানীগঞ্জ, ঢাকা	গত ১৬/০২/২০০২ ইং তারিখ ১৩০০ ঘটিকার সময় ভিকটিম আমির আবদুল্লাহ হাসান সাকিল তার বন্ধু নেন্টুকেসহ একটি মোটর সাইকেল যোগে ঝিনঝিরা ফেরিঘাট পার হয়ে নিজ বাড়ীতে আসার পথে মোটর সাইকেলটি ঝিনঝিরা ফেরীঘাট রোড শওকত হাজীর তৃতীয়তলা বাড়ীর সামনে পৌছা মাত্র স্থানীয় বিএনপির সন্ত্রাসী ১। মেহবুব, পিতা-কাসেম, ২। জাহেদুল@ সাজু, পিতা-চান মিয়া, উভয় সাং-লসমনগঞ্জ, ৩। মাহাবুব @ পলাশ, পিতা-সোলায়মান, ৪। আরিফ, পিতা-মৃত আশরাফসহ মোট ২৩ জন মোটর সাইকেলটি ঘেরাও করিয়া এলোপাথাড়ী মারধর রিভলবার পিস্তল দিয়ে সাকিল ও সেন্টুকে গুলি বর্ষণ করে ঘটনাস্থলেই সেন্টু মারা যায় এবং হাসপাতালে নেওয়ার পথে সাকিল ও মারা যায়।	কেরানীগঞ্জ থানার মামলা নং-৩৭, তাং-১৬/০২/০২ ধারা ৩০২/৩৪ পিসি		আসামীরা সকলেই চারদলীয় জোট সন্ত্রাসী

ক্র/নং	নিহত ব্যক্তির নাম, ঠিকানা ও দলীয় পরিচয়	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
৩.	কাঞ্চন সিকদার সাং-দাড় হাওলা পালং, শরিয়তপুর এ/পি-প্রযত্নে শশুর মোঃ বাহাদুর কদমতলী শাহজাহনের বাড়ী কেরানীগঞ্জ, ঢাকা, আওয়ামী লীগ সমর্থক।	গত ৩১/০৫/২০০২ ইং তারিখ সন্ধা আনুমানিক ১৮৩০ ঘটিকার সময় বিএনপির স্থানীয় সন্ত্রাসী ১।শহিদুল সরদার, ২। ইজ্জত আলী সরদার, উভয় পিতা-জব্বার সরদার, ৩। আতাবর সরদার, ৪। লতু সরদার, উভয় পিতা-আলিম উদ্দিন সরদার, ৫। জব্বার সরদার, পিতা-মৃত মজিদ সরদার, সর্বসাং-দশরশিসহ মোট ৯জন থানা পালং, জেলা শরিয়তপুরগণ ভিকটিম কাঞ্চনকে বন্দডাকপাড়া সাকিনের মৃত ডাঃ ছালামের বাড়ীর পশ্চিম পার্শ্বে নজুর খালি প্লটে নিয়া ধারালো অস্ত্র দিয়ে মারাত্মক জখম করে খুন করে।	কেরানীগঞ্জ থানার মামলা নং-৬৩, তাং-৩১/০৫/০২ ধারা ৩০২/৩৪ পিসি	সি/এস নং-৪২, তারিখ ৩০/০১/০৩ দাখিল হয়।	আসামীরা সকলেই চারদলীয় জোট সন্ত্রাসী
৪.	স্বপন পিতা-তাজেল খান সাং-কাউয়াখালী বাউফল, পটুয়াখালী এ/পি-বোরহানের বাসার ভাড়াটিয়া সাং-ভাংনা কেরানীগঞ্জ, ঢাকা। আওয়ামী লীগ সমর্থক।	গত ১৬/০৬/২০০২ রাত আনুমানিক ০৩০০ ঘটিকার সময় পূর্ব চরাইল নবী ইসলামের দোকানের ফিছনে বিএনপি সন্ত্রাসী সিরাজুল ইসলাম@ মিরান, পিতা-আজিজ, সাং-শুভাঢ্যা উত্তরপাড়া, ২। পিংকি@শহিদ, পিতা-নুরু উদ্দিন, সাং-মোস্তফাপুর, থানা-রাজৈর, জেলা-মাদারীপুর, ৩। সুমন, পিতা-মোফাজ্জল, ৪। রাসেল, পিতা-মৃত নিজামসহ মোট ০৭ জন অস্ত্রশস্ত্রে সজ্জিত হইয়া ভিকটিম স্বপনকে কুপিয়ে হত্যা নিশ্চিত করে পালিয়ে যায়।	কেরানীগঞ্জ থানার মামলা নং-২৩, তাং-১৬/০৬/০২ ধারা ৩০২/৩৪ পিসি	সি/এস নং-৩৭৬, তারিখ ৩১/০৮/০৩ দাখিল হয়।	আসামীরা সকলেই চারদলীয় জোট সন্ত্রাসী
৫.	সাইফুল পিতা-ফখর উদ্দিন খন্দকার সাং-মীরেরবাগ কেরানীগঞ্জ, ঢাকা। আওয়ামী লীগ সমর্থক।	গত ১৭/০২/২০০২ ইং তারিখ সন্ধা ০৭০০ ঘটিকার সময় বিএনপির অস্ত্রধারী সন্ত্রাসী ১। মামুন, পিতা-নান্না মিয়া, সাং-মোকামপাড়া, ২।বাদল চন্দ্র বর্মন, পিতা-মৃত সরেশ চন্দ্র বর্মন, সাং-মীরেরবাগ জেলেপাড়া, ৩। আবুল কালাম, পিতা-মৃত ছালাম, সাং-মোকামপাড়া, কেরানীগঞ্জ, ঢাকাসহ মোট ৬ জন আগ্নেয় অস্ত্রশস্ত্রে সজ্জিত হইয়া ভিকটিমের বাড়ীর দোকানের সামনে মাথায় গুলি করিয়া নির্মমভাবে হত্যা করে।	কেরানীগঞ্জ থানার মামলা নং-৩৮ তাং-১৮/০২/০২ ধারা ৩০২/৩৪ পিসি	সি/এস দাখিলহয়	আসামীরা সকলেই চারদলীয় জোট সন্ত্রাসী

ক্র/নং	নিহত ব্যক্তির নাম, ঠিকানা ও দলীয় পরিচয়	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
৬.	আবুল হোসেন লিটু যুবলীগ নেতা পিতা-ওয়াজেদ আলী সাং-সাভার স্মৃতিসৌধ সাভার, ঢাকা।	একাধিক মামলার পলাতক আসামী ভিকটিম আবুল হোসেন লিটু ও তার সহযোগীরা সাভার স্মৃতি সৌধ এলকার একটি পল্ট্রি খামারে আত্মগোপন করে। সেনাসদস্যরা টের পেয়ে ঐ পোল্টি খামার ঘিরে ফেলে এবং তাদেরকে আটক করে। ভিকটিম আবুল হোসেন সেনা উপস্থিতি টের পেয়ে ভবনের দোতলার ছাদ থেকে লাফিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে সীমানা প্রাচীরের উপর পরে মারাত্মক আহত হয়। আশংকাজনক অবস্থায় তাকে আটক করে সামরিক হাসপাতালে ভর্তি করার পর গত ২৮/১০/২০০২ ইং তারিখ তার মৃত্য হয়।			দৈনিক প্রথম আলো ২৯/১০/২০০২ ইং তারিখ প্রকাশিত।
৭.	সামছুল হক যুবলীগ নেতা পিতা-অজ্ঞাত সাং-খিলক্ষেত বাড্ডা, ঢাকা।	গত ১৪/১০/২০০২ ইং তারিখ রাত ১১.০০ ঘটিকার সময় ভিকটিমকে তার পরিচিত লোকজন মোবাইল ফোনে খিলক্ষেত কনকর্ড লেগ সিটির পশ্চিম পাশের মৎস্য খামারে ডেকে নিয়ে যায়। ১৫/১০/২০০২ ইং তারিখ রাত ০৮০০ ঘটিকার সময় ভিকটিম সামছুল হকের লাশ উদ্ধার করা হয়।	সন্ত্রাসীরা।		দৈনিক যুগান্তর ১৬/১০/২০০২ ইং তারিখ প্রকাশিত।
৮.	আক্তার হোসেন সেচ্ছাসেবক লীগ নেতা পিতা-অজ্ঞাত সাং-পিসিকালচার হাউজিং মোহাম্মদপুর, ঢাকা।	গত ১৪/০৯/২০০২ ইং তারিখ রাত ০৮০০ ঘটিকার সময় পিসিকালচার হাউজিং বাসায় ফিরছিলেন। বাসার সামনেই পৌছাইতেই সেখানে উৎ পেতে থাকা ৪/৫ জন সন্ত্রাসী ভিকটিমকে লক্ষ্য করে এলোপাথাড়ী গুলি ছোড়ে এ সময় তিনি দৌড়ে বাসার ভিতরে ঢুকে পড়েন। পরবর্তী তে স্থানীয় লোকজনের সহায়তায় তাকে গ্রীন রোডের একটি ক্লিনিকে এবং পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হলে সেখানে তার মৃত্য হয়।	বিএনপি সন্ত্রাসী।		দৈনিক প্রথম আলো ১৫/০৯/২০০২ ইং তারিখ প্রকাশিত।
৯.	মুসলিম উদ্দিন আওয়ামী লীগ কর্মী পিতা-অজ্ঞাত সাং-ধানুশাহ দরবার শরীফ লালবাগ, ঢাকা।	গত ৩১/০৮/২০০২ তারিখ সকালে ভিকটিম মুসলিম উদ্দিনের লাশ ধানুশাহ দরবার শরীফের বারান্দা থেকে উদ্ধার করা হয়।	বিএনপি ও শিবির সন্ত্রাসীরা		দৈনিক জনকণ্ঠ ০১/০৯/২০০২ ইং তারিখ প্রকাশিত।

ক্র/নং	নিহত ব্যক্তির নাম, ঠিকানা ও দলীয় পরিচয়	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
১০.	আনোয়ার হোসেন মনু আওয়ামী লীগ নেতা পিতা-অজ্ঞাত সাং-তেজগাঁও কলোনী বাজার তেজগাঁও, ঢাকা।	গত ০৮/০৮/২০০২ ইং তারিখ রাত ০৮০০ ঘটিকার সময় কয়েকজন সন্ত্রাসী ভিকটিম আনোয়ার হোসেনকে লক্ষ্য করে গুলি করে। গুলিবিদ্ধ অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করার পর রাত ৯.০০ ঘটিকার সময় তার মৃত্যু হয়।	জোট সন্ত্রাসী		দৈনিক ইত্তেফাক ০৯/০৮/২০০২ ইং তারিখ প্রকাশিত।
১১.	ডাঃ মতিউর রহমান আওয়ামী লীগ নেতা পিতা-অজ্ঞাত নবাবগঞ্জ, ঢাকা।	গত ০৩/০৮/২০০২ ইং তারিখ সকালে তার ছোট ভাই আতিয়ার রহমানের সাথে কথা কাটাকাটির এক পর্যায়ে ভিকটিম মতিউর রহমানকে কাঠের টুকরো দিয়ে মাথায় আঘাত করে মুমূর্ষ অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।	জোট সন্ত্রাসী আতিয়ার রহমান।		দৈনিক ইত্তেফাক ০৪/০৮/২০০২ ইং তারিখ প্রকাশিত।
১২.	মোঃ জহিরুল ইসলাম জহির আওয়ামী লীগ নেতা পিতা-অজ্ঞাত সাং-নিউমার্কেট কাঁচা বাজার ধানমন্ডি, ঢাকা।	গত ২৯/০৭/২০০২ ইং তারিখ বিএনপির ৮/১০ জন সন্ত্রাসী সন্ধ্যায় জহিরের নিকট থেকে চাদা দাবী করে। চাদা না দেওয়াতে সন্ত্রাসীরা জহিরের পেটে ছুরি দিয়ে আঘাত করে হত্যা করে এবং ৪০.০০ হাজার টাকা নিয়ে পালিয়ে যায়।	বিএনপি সন্ত্রাসী নাদিম, সালাউদ্দিন, সেলিমসহ আরো অনেকে।		দৈনিক যুগান্তর ৩০/০৭/২০০২ ইং তারিখ প্রকাশিত।
১৩.	ফজলুল হক ভূইয়া আওয়ামী লীগ নেতা পিতা-অজ্ঞাত স্থান-ঢাকা কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, কোতয়ালী, ঢাকা।	রূপগঞ্জ থানার পিতলগঞ্জ কামসাই গ্রামের গৃহবধূ মারিয়া খাতুন ০৩/১২/২০০১ ইং তারিখ খুন হয় উক্ত মামলার আসামী ফজলুল হক কে গ্রেফতার করেন। গ্রেফতারের পর আদালতে হাজির করে দুইদিনের রিমান্ড মঞ্জুর করে। আসামীর উক্ত রক্তচাপ থাকায় একদিনের রিমান্ড শেষে ১৩/০৫/২০০২ ইং তারিখ নারায়ণগঞ্জ জেলা কারাগারে পাঠিয়ে দেন। সেখানে তার অবস্থার অবনতি হলে ১৯/০৫/২০০২ ইং তারিখ ঢাকা কেন্দ্রীয় কারাগার হাসপাতালে **প্রেরণ**করেন। সেখানে ২১/০৫/২০০২ ইং তারিখ তার মৃত্যুহয়।			দৈনিক জনকণ্ঠ ২২/০৫/২২০২ ইং তারিখ প্রকাশিত।

ক্র/নং	নিহত ব্যক্তির নাম, ঠিকানা ও দলীয় পরিচয়	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
১৪.	মোঃ শহিদুল ইসলাম যুবলীগ নেতা পিতা-অজ্ঞাত স্থান-সোহরাওয়ার্দী হাসপাতাল মোহাম্মদপুর, ঢাকা।	গত ২৭/০৩/২০০২ ইং তারিখ পুলিশের উপর হামলা সংক্রান্ত মামলায় শহিদুল ইসলামকে গ্রেফতার করে। কারাগারে নির্যাতনে গুরুতর অসুস্থ্য হলে ০৬/০৫/২০০২ ইং তারিখ তাকে বাগেরহাট হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হলে খুলনা হাসপাতালে হস্তান্তর করে। খুলনা থেকে তাকে সোহরাওয়ার্দী হাসপাতালে ভর্তি করা হলে ১২/০৫/২০০২ ইং তারিখ রাতে সে মারা যায়।			দৈনিক জনকণ্ঠ ১৪/০৫/২০০২ ইং তারিখ প্রকাশিত।
১৫.	প্রফুল্ল মন্ডল আওয়ামী লীগ কর্মী পিতা-অজ্ঞাত সাং-চরবরদাইল গ্রাম, ফোর্ডনগর সাভার, ঢাকা।	গত ২৬/০৩/২০০২ ইং তারিখ ভিকটিম প্রফুল্ল মন্ডলকে বিএনপির নেতা হাজী কালামের মালিকানাধীন ফোর্ডনগরের চরবরদাইল গ্রামের একটি পোল্টি ফার্মের ধরে নিয়ে যায় সেখানে তাকে বেদড়ক মারপিট করে আগুনে পুড়িয়ে হত্যা করা হয়।	বিএনপির সন্ত্রাসীরা		দৈনিক মানবজমিন ২৯/০৩/২০০২ ইং তারিখ প্রকাশিত।
১৬.	মোঃ আজিম যুবলীগ নেতা পিতা-অজ্ঞাত সাং-পারগেন্ডারিয়া কেরানীগঞ্জ, ঢাকা।	গত ০৩/০১/২০০২ ইং তারিখ রাত ১১.০০ ঘটিকার সময় ভিকটিম আজিমকে কৌশলে সুত্রাপুর এলাকায় মিলব্যারাকে মোতালেব শাহর মাজারে নিয়ে অস্ত্রধারী সন্ত্রাসীরা প্রথমে আজিমকে চাপাতি দিয়ে কোপায় এবং পরে মাথায় গুলি করে। গুলির শব্দ শুনে টহল পুলিশ ঘটনাস্থলে আসে। এ সময় সন্ত্রাসীদের গুলিতে কনষ্টবল/৩৩১২ নজরুল ইসলাম, কনষ্টবল/২৩১৩ আব্দুর রাজ্জাক, কং/৩১৪৩ মোঃ জাকির হোসেন আহত হয়। গুরুতর অবস্থায় ভিকটিম আজিমকে মিডফোর্ড হাসপাতালে নেয়া হলে ডাক্তার তাকে মৃত্যু ঘোষণা করেন।			দৈনিক বাংলাবাজার ০৫/০১/২০০২ ইং তারিখ প্রকাশিত।

ক্র/নং	নিহত ব্যক্তির নাম, ঠিকানা ও দলীয় পরিচয়	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ও আসামীর নাম	মামলার সূত্র	তদন্তের ফলাফল	মন্তব্য
১৭.	মোঃ সোবাহান শ্রমিক লীগ নেতা পিতা-অজ্ঞাত সাং-গোড়ান সবুজবাগ, ঢাকা।	গত ২৫/১০/২০০১ তারিখ রাত ০৯০০ ঘটিকার সময় গোড়ান টেম্পু ষ্ট্যান্ডে স্থানীয় সন্ত্রাসীদের সংঘর্ষে ভিকটিমকে বেদড়ক মারধর করে আশংকা জনক অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে চিকিৎসাধীন অবস্থায় ২৬/১০/২০০১ইং তারিখ সোবাহান মৃত্যুবরণ করেন।	বিএনপি সন্ত্রাসী আক্কাস, সুমন ও মনসুর সহ আরো অনেকে।		দৈনিক জনকণ্ঠ ২৮/১০/২০০১ ইং তারিখ প্রকাশিত।
১৮.	মোক্তার হোসেন আওয়ামী লীগ নেতা পিতা-অজ্ঞাত সাং-মধু বাজার পল্লবী, ঢাকা।	গত ১৫/১০/২০০১ ইং তারিখ সকাল ৯০০ ঘটিকার সময় চিমতিয়া গলির মুখে মধুবাগের নিজ বাড়ীর সামনে বসে চা খাওয়ার সময় বিএনপির সন্ত্রাসীরা বোমা বিস্ফোরন ঘটায় ভয় পেয়ে প্রাণ রক্ষার জন্য বাড়ীর ভিতর ঢোকার চেষ্টা করলে ৩/৪ জন সন্ত্রাসী তার ঘাড়ে কোপ দেয় এতে তিনি মাটিতে লুটিয়ে পড়লে তাকে জবাই করে হত্যা করা হয়।	বিএনপির সন্ত্রাসী		দৈনিক ভোরের কাগজ ১৬/১০/২০০১ ইং তারিখ প্রকাশিত।
১৯.	অনিমা আবিদা আইরিন ছাত্র লীগ কর্মী পিতা-অজ্ঞাত গ্রীনরোড, ধানমন্ডি, ঢাকা।	গত ০৭/১০/২০০১ ইং তারিখ নাট্য শিল্পী ভিকটিম অনিমা আবিদা আইরিন মহড়া শেষে ট্যাক্সিতে বাসায় ফিরছিলেন পথিমধ্যে অন্য একটি ট্যাক্সিতে করে কিছু সন্ত্রাসী সামনে এসে আইরিনের মাথায় গুলি করে পালিয়ে যায়।	জোট সন্ত্রাসী।		দৈনিক ইত্তেফাক ০৮/১০/২০০১ ইং তারিখ প্রকাশিত।
২০.	জিয়া উদ্দিন রনি আওয়ামী লীগ কর্মী পিতা-অজ্ঞাত সাং-শহীদনগর কামরাঙ্গীরচর লালবাগ, ঢাকা।	গত ০৪/১০/২০০১ ইং তারিখ লালবাগ থানার শহীদনগর ও কামরাঙ্গীর চর এলাকায় আওয়ামী লীগ কর্মীদের বাড়ীতে আক্রমণ হয় বিএনপির সন্ত্রাসীরা এ সময় ভিকটিম জিয়া উদ্দিন রনিকে হত্যা করে।	বিএনপি সন্ত্রাসী		দৈনিক ইত্তেফাক ০৫/১০/২০০১ ইং তারিখ প্রকাশিত।

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা সংক্রান্তে জুডিসিয়াল তদন্ত কমিশনে টাংগাইল জেলার প্রাপ্ত অভিযোগের বিবরণ ঃ

১। মোট অভিযোগের সংখ্যা	ঃ	০৮ টি।
২। কমিশনের প্রাপ্ত বিচার্য অভিযোগের সংখ্যা	ঃ	০৫ টি।
৩। কমিশনের বিচার্য নহে অভিযোগের সংখ্যা	ঃ	০৩ টি।
(ক) সংখ্যালঘু অভিযোগের সংখ্যা	ঃ	
(i) হত্যা	ঃ	
(ii) ধর্ষণ	ঃ	
(iii)অন্যান্য	ঃ	
(খ) অন্যান্য অভিযোগের সংখ্যা (সংখ্যালঘু ব্যতীত)	ঃ	০৫ টি।
(i) হত্যা	ঃ	
(ii) ধর্ষণ	ঃ	
(iii)অন্যান্য	ঃ	**০৫ টি।**
৪। ইতিমধ্যে মামলা হয়েছে তার সংখ্যা	ঃ	
(i) অভিযোগপত্র দাখিল সি/এস	ঃ	
(ii) চূড়ান্ত রিপোর্ট দাখিল	ঃ	

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনাসমূহ তদন্তের জন্য গঠিত জুডিসিয়াল তদন্ত কমিশনে প্রাপ্ত টাংগাইল জেলার (ঘাটাইল) উপজেলার আবেদনপত্রের বিবরণী ঃ
পুলিশ সুপার জেলা বিশেষ শাখা, টাঙ্গাইল এর স্মারক নং-৫৪০৫, তারিখ-০৯/০৯/২০১০ খ্রিঃ

ক্র/নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৫৩.	এসডব্লিও মোঃ আঃ রশিদ খান পিতা-ওয়াজেদ আলী খান সাং-সাঙ্গালিয়া পাড়া ঘাটাইল, টাংগাইল।	০৩/১০/২০০১ তারিখ ৫০.০০ হাজার টাকা চাদা দাবী করে চাদা না দেওয়ার কারণে বাড়ীঘর ভাংচুর লুটপাট করে এবং ০৫টি ঘরে অগ্নি সংযোগ করে ও আমার পরিবারের উপর নির্মম নির্যাতন করে। পেপার কাটিং আছে।	√১। মোঃ নুরুজ্জামান সেখ, পিতা-মৃত কছিম উদ্দিন, √২। মোঃ হারুন অর রশিদ, √৩। মোঃ নয়ন সেখ, উভয় পিতা-মোঃ নুরুজ্জামান, √৪। মোঃ সুলতান সেখ, √৫। মোঃ আনিছ সেখ, উভয় পিতা-মোঃ মহির উদ্দিন, √৬। মোঃ সামছু, পিতা-মোঃ আজম সেখ, √৭। মোঃ নুরহোসেন তালুকদার, পিতা-মৃত হাকিম তালুকদার, √৮। মোঃ মোতালেব তালুকদার, পিতা-মোঃ নুরহোসেন তালুকদার, √৯। সোনা সেখ, √১০। মোঃ মানিক, উভয় পিতা-মোঃ হোসেন মাষ্টারসহ আরো ২০/২৫ জন, সর্বসাং-সাঙ্গালিয়াপাড়া, ঘাটাইল, টাংগাইল।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।
৪৫৪.	মোঃ আঃ রশিদ খান পিতা-মোঃ ওয়াজেদ আলী খান সাং-সাঙ্গালিয়া ঘাটাইল, টাংগাইল।	চাদাদাবী করে চাদা দিতে অস্বীকার করলে ০৩/১০/২০০১ তারিখ বাড়ীঘর ভাংচুর লুটপাট করে বাড়ীঘর পুড়িয়ে দেয়। পেপার কাটিং আছে।	১। মোঃ নুরুজ্জামান সেখ, পিতা-মৃত কছিম উদ্দিন, ২। মোঃ হারুন অর রশিদ, ৩। মোঃ নয়ন সেখ, উভয় পিতা-মোঃ নুরুজ্জামান, ৪। মোঃ সুলতান সেখ, ৫। মোঃ আনিছ সেখ, উভয় পিতা-মোঃ মহির উদ্দিন, ৬। মোঃ সামছু, পিতা-মোঃ আজম সেখ, ৭। মোঃ নুরহোসেন তালুকদার, পিতা-মৃত হাকিম তালুকদার, ৮। মোঃ মোতালেব তালুকদার, পিতা-মোঃ নুরহোসেন তালুকদার, ৯। সোনা সেখ,১০। মোঃ মানিক, উভয় পিতা-মোঃ হোসেন মাষ্টার সহ আরো ২০/২৫ জন, সর্বসাং-সাঙ্গালিয়াপাড়া, ঘাটাইল, টাংগাইল।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। ঘটনার সাথে বর্ণিত আসামীদের সংশ্লিষ্টতা সম্পর্কে জনশ্রুতি আছে।

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনাসমূহ তদন্তের জন্য গঠিত জুডিসিয়াল তদন্ত কমিশনে প্রাপ্ত টাংগাইল জেলার (গোপালপুর) উপজেলার আবেদনপত্রের বিবরণী ঃ
পুলিশ সুপার জেলা বিশেষ শাখা, টাঙ্গাইল এর স্মারক নং-৫৪০৫, তারিখ-০৯/০৯/২০১০ খ্রিঃ

ক্র/নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৫৫.	মোঃ মাসুদ হাসান পিতা-মোঃ আমান আলী মোল্লা সাং-হাজরাবাড়ী গোপালপুর, টাংগাইল।	০২/১০/২০০১ তারিখ গ্রামে প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু ব্রিগ্রেড নামক সেবাধর্মী ক্লাব ভাংচুর লুটপাট করে এবং গ্রামের নিরীহ লোকদের বাড়ীঘর ভাংচুর লুটপাটসহ নির্যাতন করে।	**বিএনপি** সমর্থিত ১৫/২০ জন।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। আসামীদের ব্যাপারে আরও অধিকতর তদন্তের প্রয়োজন।
৪৫৬.	মোল্লা মোঃ আল-আমিন পন্ডিত পিতা-মোল্লা মোঃ মজিবুর রহমান পঃ সাং-নতুন মিমলাপাড়া পন্ডিত বাড়ী গোপালপুর, টাংগাইল।	গত ১০/১১/২০০১ ও ১৪/১১/২০০১ তারিখ এবং ১৬/১২/২০০১ তারিখে আমার নিজ গ্রামের বাড়ীতে বিএনপি জোটভুক্ত দলীয় আসামীগণ আমার বাড়ীতে আক্রমণ করে ভাংচুর ও লুটপাট করে। এতেও তারা ক্ষান্তহয়নি ০২/০২/২০০২ তারিখে ঢাকার কাফরুলের বাসা থেকে আমাকে বিএনপির সন্ত্রাসীরা ধরে নিয়ে অমানুষিক নির্যাতন করে। ঢাকার মিডফোর্ড হাসপাতালে গত ০৪/০২/২০০২ তারিখ জননেত্রী শেখ হাসিনা আমাকে হাসপাতালে দেখতে আসেন।	১। আব্দুস সালাম পিন্টু, (বিএনপির সংসদ সদস্য)। ২। তোফা, বিএনপির জেলা সাধারণ সম্পাদক, ৩। সুলতান সালাউদ্দিন টুকু, কেন্দ্রীয় ছাত্রদলের সভাপতি, নাম না জানা আরো অনেকে।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। আসামীরা জড়িত এবং বিএনপি সমর্থিত।

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনাসমূহ তদন্তের জন্য গঠিত জুডিসিয়াল তদন্ত কমিশনে প্রাপ্ত টাংগাইল জেলার (সদর) উপজেলার আবেদনপত্রের বিবরণী ঃ

পুলিশ সুপার জেলা বিশেষ শাখা, টাঙ্গাইল এর স্মারক নং-৫৪০৫, তারিখ-০৯/০৯/২০১০ খ্রিঃ

ক্র/নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৫৭.	সহিদুর রহমান বাবুল সিদ্দিকী পিতা-মৃত আজিজুর রহমান সিদ্দিকী সাং-আশিকপুর সদর, টাংগাইল।	১৫/১১/২০০১ তারিখে আমাকে ও আমার সঙ্গীয় লোকজনের রিক্সার গতিরোধ করে রিভলবার দিয়ে পরপর ৩ রাউন্ড গুলি করে এলাকায় ত্রাস সৃষ্টি করে। আমাকে খুন করার উদ্দেশ্যে গুলি করিলে আমি রিক্সা হইতে লাফ দিলে উক্ত গুলি লক্ষ্য ভ্রষ্ট হয়।	√১। মোঃ ঠান্ডু মিয়া, পিতা-মৃত মজিবুর রহমান, √২। রুবেল, পিতা-কায়কোবাদ, √৩। মোঃ মজিবুল আলম, পিতা-আবুল কালাম আজাদ, সাং-দয়াজানি,নাগরপুর, টাংগাইল। √৪। আমিনুর, পিতা-মৃত মজিবুর রহমান, √৫। আজিজুর, পিতা-ইব্রাহিম ড্রাইভার, √৬। আতোয়ার, পিতা-ইব্রাহিম ড্রাইভার সহ আরো ৫/৬ জন, সর্বসাং-আশিকপুর, সদর, টাংগাইল।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনাসমূহ তদন্তের জন্য গঠিত জুডিসিয়াল তদন্ত কমিশনে প্রাপ্ত টাংগাইল জেলার (ভুয়াপুর) উপজেলার আবেদনপত্রের বিবরণী ঃ

পুলিশ সুপার জেলা বিশেষ শাখা, টাঙ্গাইল এর স্মারক নং-৫৪০৫, তারিখ-০৯/০৯/২০১০ খ্রিঃ

ক্র/নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৫৮.	আরফান আলী গং পিতা-মৃত রহিজ উদ্দিন সাং-ফলদা পূর্বপাড়া ভুয়াপুর, টাংগাইল।	২০০১ সনের সংসদ নির্বাচনের পরপরই বিএনপি সমর্থিত সন্ত্রাসীরা আমার বাড়ীঘর ভাংচুর ও লুটপাট করে এবং অমানুষিক নির্যাতন চালায়।	√১। শহীদ, √২। রফিক, উভয় পিতা-মৃত পাষান আলী, √৩। বাদল, √৪। বাবুল, √৫। মিজানুর, উভয় পিতা-আতুর আলী, √৬। তারেক, পিতা-মৃত নিলু সেখ √৭। আঃ গনি, পিতা-মৃত বছির উদ্দিন, √৮। আলতাফ হোসেন, পিতা-মৃত আবুল হোসেন, √৯। হাবিবুর রহমান, পিতা-মৃত রিয়াজ উদ্দিন, √১০। খন্দকার খাজা আহমেদ, পিতা-মৃত খন্দকার নয়ন উদ্দিন, √১১। মোঃ মজিবুর রহমান, পিতা-মৃত বছির উদ্দিনসহ আরো ১৫/২০ জন সর্বসাং-ফলদাপূর্বপাড়া, ভুয়াপুর, টাংগাইল । (তদন্তে প্রাপ্ত)	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গেলেও বাদীর নাম ঠিকানা সঠিক পাওয়া যায় নাই। তবে উক্ত ঘটনায় বাদী ১। শাহাজান আলী, পিতা-মফিজ উদ্দিন, ভুয়াপুর থানার মামলা নং-০১(১০)২০০১, অভিযোগ পত্র নং-৪৯, তাং-১৩/১১/২০০১ গ্রহণ করা হয় এবং ২। মোঃ আতোয়ার রহমান, পিতা-হাছান আলী, ভুয়াপুর থানার মামলা নং-০৬(১০)২০০১,অভিযোগ পত্র নং-৫৩, তাং-২৮/১১/২০০১ গ্রহণ করা হয়। উল্লিখিত বিবাদীগণ উক্ত মামলা দুইটির মূল আসামী হিসাবে গৃহিত হয়। (√) চিহ্নিত আসামীরা জড়িত এবং **বিএনপি** সমর্থিত।

<u>২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা সংক্রান্তে জুডিসিয়াল তদন্ত কমিশনে রাজবাড়ী জেলার, সকল উপজেলা হতে প্রাপ্ত **অভিযোগের বিবরণ ঃ**</u>

১।	মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা	ঃ ১৪৮ টি।
২।	কমিশনের প্রাপ্ত বিচার্য্য অভিযোগের সংখ্যা	ঃ ৫৭ টি।
৩।	কমিশনের বিচার্য্য নহে অভিযোগের সংখ্যা	ঃ ৯১ টি।
(ক)	সংখ্যালঘু অভিযোগের সংখ্যা	ঃ ০৮ টি।
(i)	হত্যা	ঃ
(ii)	ধর্ষণ	ঃ
(iii)	অন্যান্য	ঃ ০৮ টি।
	অন্যান্য অভিযোগের সংখ্যা (সংখ্যালঘু ব্যতীত)	ঃ ৪৯ টি।
(i)	হত্যা	ঃ ০৪ টি।
(ii)	ধর্ষণ	ঃ
(iii)	অন্যান্য	ঃ ৪৫ টি।
৪।	ইতিমধ্যে মামলা হয়েছে তার সংখ্যা	ঃ
(i)	অভিযোগপত্র দাখিল	ঃ
(ii)	চূড়ান্ত রিপোর্ট দাখিল	ঃ

২০০১ নির্বাচন পরবর্তী সহিংস ঘটনা তদন্তের জন্য গঠিত জুডিসিয়াল তদন্ত কমিশনে প্রাপ্ত রাজবাড়ী জেলার (পাংশা) উপজেলার আবেদনপত্রের বিবরণী ঃ

জেলা বিশেষ শাখা রাজবাড়ী স্মারক নং-২২৮৩/৭-২০১০ (৩), তারিখঃ ২২/১১/২০১০ খ্রিঃ।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৫৯.	তরুন কুমার মজুমদার পিতা-মৃত-অজিৎ কুমার সাং-ধুলিয়াট পাংশা,রাজবাড়ী।	২৭/১২/২০০১ তারিখ বিএনপির সন্ত্রাসী বাহিনী আমার বসতবাড়ী দখলসহ বাড়ীর মূল্যবান মালামাল লুন্ঠন করিয়া আমাদেরকে মারধর করে বাহির করে দেয় এবং অদ্যবধি উল্লিখিত সন্ত্রাসীরা অবৈধ ভাবে আমার দ্বীতল ভবনটি দখল করে রেখেছে। পেপার কাটিং ও ছবি আছে।	১। মোঃ মোকারম হোসেন, ২। মোঃ আঃ রশিদ বাদশা ৩। মোঃ হাফিজ উদ্দিন ৪। মোঃ শফি উদ্দিন ৫। মোঃ কাওসার উদ্দিন ,সর্ব পিতা-মৃত-মহর আলী। ৬। মোঃ সুমন মন্ডল পিতা-আঃ মোকারম হোসেন সহ আরো ১৪/১৫ জন। সর্ব সাং-পেপুলবাড়ীয়া,পাংশা,রাজবাড়ী।	২০০১ নির্বাচনের পর দলীয় সুবিধা গ্রহন করে জোরপূর্বক অর্পিত সম্পত্তি থেকে বাদী পক্ষকে উচ্ছেদ করে সম্পত্তি দখল করে নেয় বিএনপি ও জামাত সমর্থক মোঃ মোকারম হোসেন গং গণ। স্থানীয় পর্যায়ে সরেজমিনে ঘটনাস্থল পরিদর্শনকালে উপস্থিত গ্রামবাসী সাক্ষীগণ এই উচ্ছেদ ও জোরপূর্বক দখলের সমর্থনে সাক্ষ্য প্রদান করেছেন। প্রাথমিক তদন্তে জানা যায় বসতবাড়ী সংক্রান্ত একটি মোকদ্দোমা মহামান্য হাই কোর্ট পর্যন্ত গড়ায়, তবে আদালতের কোন নির্দেশ ছাড়াই এই দখল বেদখলের ঘটনা ঘটেছে।
৪৬০.	মোঃ শুকুর আলী পিতাঃ বাচ্চু মিয়া সাং-বাবুপাড়া পাংশা, রাজবাড়ী।	০২/১০/২০০১ ইং তারিখ সকাল ০৮.৩০ ঘটিকায় বিএনপির সন্ত্রাসীরা লোহার রড, রামদা, হকিষ্টিক দিয়া শরিরের বিভিন্ন স্থানে গুরুতর জখম করে।	√১। মোঃ করিম, পিতা-দুলাল সেখ, √২। মোঃ বেল্লাল, পিতা-আহালে সেখ, √৩। মান্না সেখ,পিতা-মৃত-হোমছেল সেখ, √৪। মোঃ শফিক, পিতা-মোঃ বিশে সেখ, এ ছাড়াও অজ্ঞাত অনেকে সর্ব সাং-বাবুপাড়া, পাংশা, রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৬১.	মোঃ হুরমত আলী মন্ডল পিতা-মৃত-বক্স মন্ডল সাং-পাংশা লষ্করপাড়া পাংশা, রাজবাড়ী।	বিএনপির সক্রিয় ক্যাডার বাহিনী আমার উপর অতর্কিত হামলা করে লোহার রড, হাতুড়ী, হকিষ্টিক ও লাঠি দিয়ে আমাকে মেরে গুরুতর জখম করে রক্তাক্ত অবস্থায় মৃত ভেবে রাস্তার উপর ফেলে রেখে চলে যায়।	√১। আফসার ওরফে হাপু আফসারসহ আরো ১০/১২ জন, পাংশা লষ্করপাড়া, পাংশা , রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।
৪৬২.	আছিরদ্দিন সরদার পিতা-মৃত-নিমাই সরদার সাং-লক্ষনদিয়া পাংশা, রাজবাড়ী।	২০০১ সালে বিএনপি জামায়াত সরকারের সন্ত্রাস বাহিনী আমাকে জোরপূর্বক ধরে নিয়ে শরিরের বিভিন্ন অংশে পাষবিক অত্যাচার করে ক্ষতবিক্ষত করে দেয়।	√১। আকবর আলী মন্ডল, পিতা-সোনাই মন্ডল √২। ডাঃ নুরুল ইসলাম, পিতা-জরু সরদার √৩। সোবহান মিয়া, পিতা-সোনাতুল্লা √৪। আবুল হোসেন, পিতা-সৈয়দ আলী মন্ডল, সর্ব সাং-লক্ষনদিয়া, পাংশা, রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।
৪৬৩.	মোঃ আমান মাষ্টার পিতা-মৃত-হাজী দিয়ানত সাং-পারভেল্লাবাড়িয়া পাংশা, রাজবাড়ী।	১৯/১২/২০০১ তারিখে বিএনপি সন্ত্রাসীরা আমাকে মারপিট করিয়া দুটি পা ভেঙ্গে দেয় এবং জোরপূর্বক চাদা আদায় করে, হাতুড়ীর আঘাতে আমার সমস্ত শরীর ক্ষতবিক্ষত করে দেয়।	১। মোঃ মন্টু মন্ডল, পিতা-হাছেন মন্ডল ২। শাহীন মন্ডল, ৩। রিটন মন্ডল, উভয় পিতা-মোঃ মন্টু মন্ডল। সর্ব সাং-পারভেল্লাবাড়ীয়া, পাংশা, রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে জানা যায় ঘটনাটি জাতীয় সংসদ নির্বাচন পরবর্তী সহিংসতা নহে, পারিবারিক ও জমিজমা সংক্রান্ত বিরোধ।
৪৬৪.	মোঃ ইমান আলী প্রধান শিক্ষক (অবঃ শহীদ খবিরুজ্জামান উচ্চ বিদ্যালয়) পাংশা, রাজবাড়ী।	০৩/১০/২০০১ তারিখ হতে রাজনৈতিক উদ্দেশ্য প্রোনোদিত ভাবে হয়রানী মূলক মিথ্যা মামলা দায়ের , অত্যাচার , নির্যাতন পূর্বক অর্থনৈতিক ক্ষতি করা হয়।	√১। জহর প্রামানীক, পিতা-মৃতঃ কদম মানিক, √২। আঃ রাজ্জাক ,পিতা-জহর প্রামানীক উভয় সাং-জয়কৃষ্ণপুর, √৩। মোঃ ওয়ালিদ হোসেন, পিতা-মৃত-লালন প্রামানীক, সাং-রঘুনন্দনপুর √৪। লিয়াকত আলী খান, (চেয়ারম্যান-বাহাদুরপুর ইউ,পি)। √৫। আফতাব উদ্দিন বিশ্বাস, পিতা-মৃত-ইমান আলী বিশ্বাস, সাং-জয়কৃষ্ণপুর √৬। ডাঃ রোকন, পিতা-মোফাজ্জল হোসেন, সাং-পাটীকাবাড়ী, পাংশা,রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত, তদন্তে প্রাপ্ত আসামী ১। মোঃ রবিউল আলম, পিতা-মোঃ কেসমত আলী ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৬৫.	বিমল বিশ্বাস পিতা-মৃত-বিভুতিভুষন বিশ্বাস সাং-বড়বনগ্রাম পাংশা, রাজবাড়ী।	২০০২ সালের জানুয়ারী মাসে এলাকার চিহ্নিত সন্ত্রাসীরা অস্ত্র নিয়ে আমার এলাকার সংক্ষালঘু প্রায় ১৫/২০ টি পরিবারের উপর হামলা চালায়, অগ্নী সংযোগ, সম্পদ লুটপাট নারী ও শিশু নির্যাতনসহ ধর্মীয় প্রতিষ্ঠান তথা মন্দীরে ব্যপক ভাংচুর করে।	√১। জামাল মোল্লা √২। আললেখ খা √৩। লোবো √৪। খোয়াছ √৫। সাহাজান শাহ্ √৬। রাজাই সেখসহ আরো অনেকে সর্ব সাং-বড়বনগ্রাম, পাংশা, রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।
৪৬৬.	মোঃ আজিজ পিতা-মৃত-জনাব আলী সাং-হুলুদবাড়ীয়া পাংশা, রাজবাড়ী।	অতর্কিত ভাবে বিএনপির ৮/১০ জন সন্ত্রাসীদল দেশীয় ধারালো অস্ত্র দিয়া আমার পায়ের রগ কেটে দেয় এবং লোহার রড দিয়ে মেরে আমাকে গুরুতর জখম করে।	√১। মোঃ কায়সার প্রামানিক পিতা-মৃত-মোসলেম প্রামানিক √২। মোঃ শফিকুল √৩। রফিকুল √৪। আঃ সবুর খান, উভয় পিতা-মৃত-হাচেন খান √৫। শফিক সরদার, পিতা-মন্তাজ সরদার সহ ৩/4 জন,সর্ব সাং-হলুদ বাড়ীয়া, পাংশা, রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।
৪৬৭.	মোঃ দেলোয়ার সেখ পিতা-মৃত-বকুল সেখ সাং-রামকোল বাহাদুরপুর পাংশা, রাজবাড়ী।	ব্যাবসা প্রতিষ্ঠান লুটপাট ও ভাংচুর, মিথ্যা মামলায় জড়িয়ে হয়রানি এবং জোরপূর্বক জায়গা দখল।	√১। খোঃ মিলন, পিতা-খোঃ রনু সাং-রামকোল বাহাদুরপুর, পাংশা, রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।
৪৬৮.	মোঃ রাজ্জাক মিয়া পিতা-আঃ আজিজ সাং-বাবুপাড়া পাংশা, রাজবাড়ী।	০২/১০/২০০১ তারিখ সকাল ০৯.০০ ঘটিকার সময় নিজ বাড়ী হইতে সদরে যাওয়ার সময় পথি মধ্যে বিএনপির একদল সন্ত্রাসী হাতুড়ি, হকিষ্টিক ও লাঠি দ্বারা মেরে রক্তাক্ত করে।	√১। মোঃ কাঞ্চন প্রামানিক √২। মোঃ সিরাজ প্রামানিক √৩। আয়ুব আলী প্রামানিক, উভয় পিতা-দিয়ানত প্রামানিক √৪। মোঃ সুফিয়ান, পিতা-আব্দুল খালেক, সর্ব সাং-কুড়িপাড়া, পাংশা, রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৬৯.	মোঃ হাবিবুর রহমান সেখ পিতা-তোরাব আলী সেখ সাং-মেঘনাখামারপাড়া পাংশা, রাজবাড়ী।	২০০১ সালের নির্বাচনের ৫ দিনপর আমি সাইকেল যোগে মাছপাড়া যাওয়ার পথে বিএনপির সন্ত্রাসীরা কাঠাল গাছের সঙ্গে বেধে মারপিট করে গুরুত্বর জখম করে এবং প্লাস দিয়া দাড়ী,গোফ উপড়ে ফেলে। (পেপার কাটিং আছে)	√১। নূর আলী প্রামানিক, পিতা-মৃত-আহেদ আলী √২। জহির প্রামানিক, পিতা-মোহন প্রামানিক √৩। ঈসারত প্রাঃ, পিতা-ওমর আলী প্রাঃ √৪। মোহন প্রাঃ, পিতা-মৃত-জবেদ প্রাঃ √৫। ইউছুফ প্রাঃ √৬। মাছেম প্রাঃ √৭। ইনছুল প্রাঃ উভয় পিতা-আবেদ আলী প্রাঃ সহ আরো ৪/৫ জন সর্ব সাং-মেঘনা খামারপাড়া, পাংশা, রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।
৪৭০.	আঃ আজিজ প্রামানিক পিতা-মৃত-করিম প্রামানিক সাং-লক্ষনদিয়া পাংশা, রাজবাড়ী।	১। ০৫/০১/২০০২ তারিখ বিএনপি ও জামায়াত সরকারের সন্ত্রাসী বাহিনী রাত অনুঃ ০১.০০ ঘটিকায় আমার ঘরের দরজা ভেঙ্গে ভিতরে ঢুকে মারপিট করে ও লুটপাট চালায়।	√১। সোবাহান, পিতা-সোনা মিয়া, √২। আবুল,ম পিতা-সৈয়দ আলী, উভয় সাং-লক্ষনদিয়া, √৩। বাবু, পিতা-মকবুল সরদার, সর্ব সাং-জয়গ্রাম, পাংশা, রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।
৪৭১.	মোঃ হামিদ সরদার পিতা-মৃত-ঝড়াই সরদার সাং-লক্ষনদিয়া পাংশা, রাজবাড়ী।	২০০১ সালের নির্বাচনের পর জোট সরকারের সন্ত্রাসীরা মারপিট করে পঙ্গু করে দেয়, মেঝ ছেলে আমিরুল ইসলাম এর মুদি দোকান লুটপাট করে এবং ছোট ভাই আমজাদ হোসেনের সার,ডিজেল ও কীটনাশকের দোকান লুট করে।	√১। সোবাহান, পিতা-সোনা মিয়া, √২। আমোদ গং, পিতা-গহের মন্ডল, উভয় সাং-লক্ষনদিয়া, √৩। আব্দুল হাকিম প্রমানিক, পিতা-সরু প্রামানিক, সাং-হলুদবাড়িয়া, পাংশা, রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।
৪৭২.	মোঃ হোসেন আলী পিতা-চাদ আলী সেখ সাং-পুরাতন কালুখালী,কালিকাপুর পাংশা, রাজবাড়ী।	২০০১ সালের জাতীয় নির্বাচনের ২-দিন পরে সন্ত্রাসীরা আমার বাড়ী ঢুকে সকলকে মারধর করে আহত করে এবং ঘরের মালামাল লুট করে নিয়ে যায়। মিথ্যা মামলা দিয়ে হয়রানী।	√১। গৈজদ্দিন ওরফে আসাদ সেখ, পিতা-ফৈজদ্দিন সাং-বহরের কাজলী √২। টোকন ফকির, পিতা-আজিজ ফকির, সাং-উত্তর কাজলী √৩। ফরিদ জোয়ার্দার, পিতা-নিজাম জোয়ার্দার √৪। জামিরুল উভয় সাং-বল্লভপুর। পাংশা, রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।

ক্রঃ নং	অভিযোগকারীর নাম ও ঠিকানা	ঘটনার বিবরণ/অভিযোগ	আসামীদের নাম ও ঠিকানা	মন্তব্য
৪৭৩.	মোঃ কারবেদ আলী পিতা-মৃত-তাছেম মন্ডল সাং-মেঘনাখামারপাড়া পাংশা, রাজবাড়ী।	নির্বাচনের ১ মাস পরে আওয়ামী লীগ করার কারণে জোট সরকারের চেয়ারম্যান ও তার সন্ত্রাসী বাহিনী আমার বাবা-দাদাকে মারপিট করে ৫০,০০০/= টাকা চাদা নেয় এবং পাংশা থানার প্রাক্তন এস,আই মোঃ কামাল হোসেন, এস,আই মোঃ মিরাজ ও ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ ফজলুর রহমান উক্ত সন্ত্রাসীদের সহ-যোগীতায় আমার কাছ থেকে আরও ৩০,০০০/=টাকা চাদা নেয়।	√১। সোবহান সেখ (মারা গিয়াছে), পিতা-আইজ উদ্দিন সেখ, √২। আবুল সরদার, পিতা-নবী সরদার √৩। কায়ছার প্রামানীক, পিতা–মৃত-মোসলেম প্রাঃ √৪। ইউছুফ, পিতা-অবেদআলী প্রাঃ √৫ ।কফি, পিতা-হামছেল বিশ্বাসসহ আরো ৫/৬ জন, সর্ব সাং-মেঘনাখামারপাড়া,মাছপাড়া,পাংশা, রাজবাড়ী।	প্রাথমিক তদন্তে ঘটনার সত্যতা পাওয়া গিয়াছে, (√) চিহ্নিত আসামীরা ঘটনার সাথে জড়িত এবং বিএনপি সমর্থিত।
